দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 3 ■ 17th January, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- স্কুল সার্ভিসের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

## ৩৮টি অস্ত্র তৈরির কারখানায় ৩,৯৭৭ অ্যাপ্রেন্টিস নেওয়া হচ্ছে

**নিজস্ব প্রতিনিধি, নাগপুর :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৮টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩,৯৭৭ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচ্ছে। এটি ৫৯তম ব্যাচের ট্রেনিং। প্রার্থী বাছাই করবে যন্ত্র ইন্ডিয়া লিমিটেড (YIL).

**শিক্ষাগত যোগ্যতা :** অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৬,০০০ টাকা। শূন্যপদ : ১,১৩৪টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে যে কোনো একটি ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ২৮৪৩টি।

**বয়স :** সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৪ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম ☞ এরপর ১২ পাতায়

### স্টাফ সিলেকশন কমিশনের কোন পরীক্ষা কবে

## কেন্দ্রীয় সরকারে নানা দফতরে এবছর ১ লাখ চাকরি

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে সারা বছরই কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতা পর্যন্ত ২০২৬-২০২৭ সালে যে যে পরীক্ষার দরখাস্ত নেওয়া হবে তা দেওয়া হল। কোন পদের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে, দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ কবে ও পরীক্ষা কবে হবে ইত্যাদি তথ্য এখানে দেওয়া হল। সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন ও যথা সময়ে 'কর্মসংস্থান' পত্রিকাতেও দেওয়া হবে :


**(ক) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল :** কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট/অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার/ এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, ☞ এরপর ২ পাতায়

## স্কুলে ক্লার্ক, গ্রুপ 'ডি' পদে ১৬ লাখ প্রার্থীর পরীক্ষা ফেব্রুয়ারি-মার্চে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের সরকার পোষিত স্কুলে ক্লার্ক ও গ্রুপ-ডি পদে ৮,৪৭৭টি শূন্যপদের জন্য প্রায় ১৬ লাখের বেশি দরখাস্ত জমা পড়েছে। ওই দুই পদের লিখিত পরীক্ষা জানুয়ারিতে হওয়ার কথা থাকলেও, শেষমেষ পরীক্ষা জানুয়ারিতে হচ্ছে না। নবান্ন সূত্রে খবর, স্কুল সার্ভিসের গ্রুপ-সি পদের পরীক্ষা ২২ ফেব্রুয়ারি ও গ্রুপ-ডি পদের পরীক্ষা ১ মার্চ নেওয়ার তোড়জোড় চলছে। অন্যদিকে, পি.এস.সি.'র ডব্লু.বি.সি.এস. পরীক্ষা ১ মার্চ হওয়ার সম্ভাবনা আছে। একই দিনে রাজ্য সরকারের দু'টি ☞ এরপর ৯ পাতায়

## স্টাফ সিলেকশনের MTS ও কনস্টেবল পরীক্ষা ফেব্রুয়ারিতে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ ও হাবলদার পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ৪ ফেব্রুয়ারি থেকে। কবে কাদের কোথায় পরীক্ষা হবে তা ১৫ জানুয়ারি থেকে এই ওয়েবসাইটে পাবেন : www.ssc.gov.in এই পদে সারা ভারত থেকে দরখাস্তকারীর সংখ্যা প্রায় ৩৬ লাখের বেশি। শূন্যপদ আছে ৫,৪৬৪টি। ☞ এরপর ১১ পাতায়




## বায়ুসেনায় এয়ারম্যান

**নিজস্ব প্রতিনিধি, ব্যারাকপুর :** ভারতীয় বিমানবাহিনী 'গ্রুপ-'Y' (নন-টেকনিক্যাল) ক্যাটেগরিতে 'মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট' ট্রেডে 'এয়ারম্যান' (Airmen Intake 01/2027) পদে কিছু ছেলে নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সরাসরি র‍্যালিতে অংশ নিতে পারবেন। ওইসব বিষয় নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৬ থেকে ১-১-২০১০'এর মধ্যে।

**মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট (উইথ ডিপ্লোমা / বি.এসসি. ইন ফার্মাসি) :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বিবাহিত ও অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে ☞ এরপর ১২ পাতায়

### আধুনিক প্রযুক্তিতে দিনে ২,৫০০ প্রার্থীর

## ইন্টারভিউ নিতে প্রস্তুত প্রাথমিক শিক্ষা পর্ষদ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** প্রাইমারি টিচার পদের বাংলা মাধ্যমের স্কুলের ইন্টারভিউ সংক্রান্ত বিজ্ঞপ্তি এ সপ্তাহেই বেরোচ্ছে। এবার ইন্টারভিউ কক্ষ এমনভাবে সাজানো হচ্ছে, যেখানে বাইরের কোনো শব্দ ভিতরে কিংবা ভিতরের কোনো শব্দ বাইরে শোনা যাবে না, অর্থাৎ অত্যাধুনিক প্রযুক্তি ও ডিজাইনে তৈরি অফিস (স্টেট অফ দ্যা আর্ট কিউবিক্যাল)। এক দিনে প্রায় ২,৫০০ প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে পর্যদ।

অন্যদিকে, প্রাইমারি টিচার পদে ২০২২ সালের নিয়োগ প্রক্রিয়া থেকে ১,৯৮২ জন প্রার্থীকে চূড়ান্ত নিয়োগের ☞ এরপর ১১ পাতায়

### চাকরির উপযোগী কোর্সের দিশা দেখাতে

## কাঁথিতে ১৬-১৭ জানুয়ারি ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, কাঁথি :** এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন তাঁরা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়লে ভালো মাইনের চাকরি পাওয়া যাবে, সেই ব্যাপারে জানতে আগ্রহী। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্সে সহজেই ভরতি হওয়া যায় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ☞ এরপর ৪ পাতায়

## SLST'র মেধা তালিকা বেরোচ্ছে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে 2nd SLST-এর একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের চূড়ান্ত মেধা তালিকা ২১ জানুয়ারির মধ্যেই বেরোচ্ছে। স্কুল সার্ভিস কমিশন সূত্রে ☞ এরপর ৫ পাতায়

## সেনাবাহিনীতে ৩৮১ অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ভারতীয় স্থলবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে' অফিসার পদে ৩৮১ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য : ☞ এরপর ১০ পাতায়

### কলকাতার ৪২টি কোম্পানিতে

## ১১,৩১২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

**শুরুতেই মাইনে মাসে ১২ থেকে ১৫ হাজার টাকা**

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৪২টির বেশি কোম্পানি সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে 'হিউম্যান রিসোর্স (HR) এক্সিকিউটিভ' পদে ১১,৩১২ জন ছেলেমেয়ে নেবে।বিখ্যাত বহুজাতিক সংস্থা টাটা কনসালটেন্সি ☞ এরপর ১০ পাতায়

## বায়ুসেনায় অগ্নিবীর

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ভারতীয় বায়ুসেনা 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর বায়ু' পদে কয়েক হাজার জন ছেলেমেয়ে নিচ্ছে। এই পদের ব্যাচ নম্বর : 01/2027. কারা কারা আবেদনের যোগ্য :

**সায়েন্স শাখার জন্য :** অঙ্ক, ফিজিক্স ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট ☞ এরপর ১১ পাতায়

অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission

LL.B (3rs.) যে কোনো বয়সে

যোগ্যতা — যে কোনো University-র Graduate (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%

LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)

AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়

ল' পয়েন্ট

১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে



9836922534 / 9830132343 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆:7890135514

### স্কুল-কলেজ-শিক্ষা

ভর্তি চলছে (JAN '26 TO DEC 26, (SATURDAY) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, মো ঃ 9163927421, 6291648608
SH

**প্যারামেডিক্যাল কোর্স**
DMLT (প্যাথোলজি)/DOT, DPT (ফিজিওথেরাপি), ECG, GDA (নার্সিং), Blood Collector (Phlebetomy) কোর্সে ভর্তি চলছে। প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। School of Medical Technology 24, G.C. Bose Rd., এন্টালি, কোল-14.
মৌলালী - 9231520480

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### কর্মখালি

**URGENT VACANCY**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700 –68,900) । M : 8282037663
SA(A)

**2026 NEW VACANCY**
Airport-এ কন্ট্রাক্টরের অধীনে প্রচুর M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : H.S–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22900–67900. বয়স : 18–40. থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 8016241531
SA(A)

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
M

**Post Office-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব**
যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ বিভিন্ন জেলায়, বিভিন্ন পদে। বেতন: 17K–47K, বয়স : 18–48, PF, ESI, AC, M : 7384451823
SA

### কর্মখালি

**AXIS BANK (DSA)-তে**
সরস্বতী পুজোর আগে প্রচুর M/F নিয়োগ। যোগ্যতা (SF-উর্ধ্বে), বেতন (22K-52K) + ইনসেনটিভ + TA, ST, SC-দের বিশেষ সুবিধা। বিশদ জানতে : 9609517995
SP

**EAST–WEST**
মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700 –69900). M : 9051263229
SA(A)

### কর্মখালি

বন্ধন ব্যাঙ্ক DSA-তে নিজের জেলায় আর্জেন্ট জব। বেতন : 28,000/-— 76,000/-,+PF, ESI,+বোনাস, মোট আসন-358, যোগ্যতা : অষ্টম-স্নাতক M/F চাই। এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 7449848494
SA

**AIRPORT JOB**
এয়ারপোর্টে বিভিন্ন অফিসিয়াল ও লেবার পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700/- – 69900/-), বয়স : (18–45), যোগাযোগ - M : 8282044522
SA(A)

### কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–70000) OT-সহ অন্যান্য সুবিধা। 9163375496
SP

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## কেন্দ্রীয় সরকারে নানা দফতরে

১ পাতার পর

'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ কিংবা ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2026'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে মে-জুন নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে ২০২৬ সালের মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিল পর্যন্ত।

**(খ) জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল)** : সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন ও ফারাক্কা ব্যারেজে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট)' পদে ৯৬৮ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ। কারা কোন পদের জন্য যোগ্য : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল, ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২৬ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে মে-জুন নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিলে।

**(গ) ফেজ -XIV সিলেকশন পোস্ট** : কেন্দ্রীয় সরকারের বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল টেস্ট হাউস, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, কলকাতার ন্যাশনাল লাইব্রেরি, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে, কলকাতার ইনস্টিটিউট অফ সেরোলজিতে কাজের জন্য ক্লার্ক, হেড ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক, চার্জম্যান, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, স্টাফ কার ড্রাইভার, টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, রিসার্চ ইনভেস্টিগেটর, জুনিয়র কম্পিউটার, মাল্টি টাস্কিং স্টাফ, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড অ্যাটেন্ড্যান্ট, অফিস অ্যাটেন্ড্যান্ট, ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট, লাইব্রেরি ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, লিগ্যাল অ্যাসিস্ট্যান্ট, ক্লিনার, ফার্টিলাইজার ইন্সপেক্টর, পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক ওয়েল্ডার, ফিল্ডম্যান, টেকনিক্যাল অফিসার, ফার্মাসিস্ট, লাইব্রেরিয়ান, ইনভেস্টিগেটর, অ্যাসিস্ট্যান্ট এক্সটেনশন অফিসার, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্যানিটরি ইন্সপেক্টর, টেকনিশিয়ান, সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, জুনিয়র কম্পিউটার, এক্স-রে অ্যাসিস্ট্যান্ট-সহ ২০০টি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের Phase-XIV, 2026 Selection Posts এর মাধ্যমে। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েরা এই পরীক্ষা দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড মোডের পরীক্ষা হবে মে-জুলাই মাসের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোবে এবছর মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিল পর্যন্ত।

**(ঘ) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর', ডাক বিভাগের পোস্টাল অ্যাসিস্ট্যান্ট-সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫ টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ৮,০০০/১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে এবছর এপ্রিলে। দরখাস্ত নেওয়া হবে মে পর্যন্ত।

**(চ) স্টেনোগ্রাফার গ্রেড 'সি' ও 'গ্রেড 'ডি'** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৬ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগস্ট থেকে সেপ্টেম্বরের মধ্যে। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে এবছর এপ্রিলে। দরখাস্ত নেওয়া হবে মে পর্যন্ত।

**(ছ) কম্বাইন্ড হিন্দি ট্রান্সলেটর** : কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল সেক্রেটারিয়েট অফিস, রেলওয়ে বোর্ড, আর্মড ফোর্সের হেড কোয়ার্টার্স ও সাব-অর্ডিনেট অফিসে কাজের জন্য 'জুনিয়র হিন্দি ট্রান্সলেটর' ও 'জুনিয়র ট্রান্সলেটর' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হবে।

হিন্দি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে ইংরিজি অন্যতম বিষয় হিসাবে থাকলে আবেদন করতে পারেন। ইংরিজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে হিন্দি অন্যতম বিষয় হিসাবে থাকলে আবেদন করতে পারেন। হিন্দি মাধ্যমের যে কোনো বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ডিগ্রি কোর্সে ইংরিজি আবশ্যিক বিষয় হিসাবে থাকলেও যোগ্য। ইংরিজি মাধ্যমের যে কোনো বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ডিগ্রি কোর্সে হিন্দি আবশ্যিক বিষয় হিসাবে থাকলেও যোগ্য। যে কোনো বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি ও হিন্দি বিষয় ডিগ্রি কোর্সে থাকলেও আবেদন করতে পারেন।

ওপরের সব ক্ষেত্রে হিন্দি থেকে ইংরিজির ট্রান্সলেশন সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে কিংবা হিন্দি থেকে ইংরিজিতে ট্রান্সলেট সংক্রান্ত কাজে ও ভাইস-ভার্সা সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Hindi Translator Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগস্ট থেকে সেপ্টেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে এবছর এপ্রিলে। দরখাস্ত নেওয়া হবে মে মাস পর্যন্ত।

**(জ) মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.)** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার (সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সের রেভেনিউ বিভাগের জন্য) ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। হাবলদার (সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের রেভেনিউ বিভাগের জন্য) আর মাল্টি টাস্কিং স্টাফ-এর কিছু পদের জন্য ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে সেপ্টেম্বর-নভেম্বর নাগাদ। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে এবছর জুনে। দরখাস্ত নেওয়া হবে জুলাই পর্যন্ত।

**(ঝ) সেন্ট্রাল আর্মড পুলিশ ও দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর** : সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগামী বছর অক্টোবর-নভেম্বর নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে এবছর মে মাস নাগাদ। দরখাস্ত নেওয়া হবে জুন পর্যন্ত।

**(ড) কেন্দ্রীয় আর্মড পুলিশ ও অসম রাইফেলসে কনস্টেবল (জেনারেল ডিউটি)** : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'-এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে, অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সেপাই পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি.। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি.।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepoy In Narcotics Control Bureau Examination, 2027'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে ২০২৭ সালের জানুয়ারি-মার্চের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোবে সেপ্টেম্বরে। দরখাস্ত নেওয়া হবে অক্টোবর পর্যন্ত।

ওপরের সব পদের বেলায় সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। প্রার্থীদের প্রস্তুতির জন্য এই তথ্য আগাম দেওয়া হল।

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য

## সরকারি প্রকল্পে কাজের জন্য মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় কো-অর্ডিনেটর নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা :** রাজ্যের অন্যতম সরকারি প্রকল্পপ্রাপ্ত নামী এডুকেশনাল সংস্থা 'এন.সি.এস.এম ফাউন্ডেশন' সরকারি প্রকল্পে কাজের জন্য মুর্শিদাবাদ জেলায় 'রিটেল' বিষয়ে ও বীরভূম জেলায় 'ট্যুরিজম ও হসপিটালিটি' বিষয়ে কো-অর্ডিনেটর নিয়োগ করবে। 'রিটেল' বিষয়ের জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট / ডিপ্লোমা ইন রিটেল ম্যানেজমেন্ট / ৫০ শতাংশ নম্বর নিয়ে মার্কেটিংয়ে পি.জি ডিপ্লোমা। সঙ্গে দরকার ১ বছরের কাজের অথবা শিক্ষকতার অভিজ্ঞতা। রিটেল মার্কেটিংয়ে এম.বি.এ বা রিটেল ম্যানেজমেন্টে পি.জি-ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার পাবেন। 'ট্যুরিজম ও হসপিটালিটি' বিষয়ে যোগ্যতা দরকার যে কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে হোটেল ম্যানেজমেন্টের ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ। পাশাপাশি ফুড ও বেভারেজ সার্ভিসে অন্তত ৫ বছরের কাজের বা শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে আর কোনো হোটেল বা ফেসিলিটি ম্যানেজমেন্ট কোম্পানিতে ১ বছরের সুপারভাইজরি করার অভিজ্ঞতা দরকার। অথবা যে কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে ট্রাভেল ও ট্যুরিজম ম্যানেজমেন্ট অথবা ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট হলে আবেদন করতে পারবেন। সঙ্গে অন্তত পক্ষে ১ বছরের কাজের অভিজ্ঞতা দরকার। অথবা উচ্চমাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত ইনস্টিটিউট থেকে ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্টের ৩ বছরের ডিগ্রি / ডিপ্লোমা পাশরাও আবেদনের যোগ্য। সঙ্গে অন্তত পক্ষে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মাইনে ২৫ হাজার টাকা। দরখাস্ত পাঠানোর শেষ তারিখ ২০ জানুয়ারি। দরখাস্ত পাঠাবেন এই ই-মেল আই.ডি-তে: nsqf@ncsm.co.in যোগাযোগের জন্য ফোন নম্বর : 6290820410.

## সরকারি প্রকল্পে কাজের জন্য 'আই.টি' বিষয়ে বীরভূম জেলায় কো-অর্ডিনেটর নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা :** রাজ্যের অন্যতম সরকারি প্রকল্পপ্রাপ্ত সংস্থা 'প্রগতি' বীরভূম জেলায় 'আই.টি' বিষয়ে কো-অর্ডিনেটর নিয়োগ করবে। যোগ্যতা দরকার ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি / ব্যাচেলর ডিগ্রি ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন / সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি (বি.সি.এ, বি.এসসি কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি) অথবা যে কোনো শাখার গ্র্যাজুয়েট সঙ্গে পি.জি.ডি.সি.এ অথবা ডোয়েক 'এ' লেভেল সার্টিফিকেট। অথবা ব্যাচেলর অফ ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি ইন কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি বা মাস্টার অফ কম্পিউটার সায়েন্স অথবা মাস্টার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন বা মাস্টার অফ ইনফর্মেশন টেকনোলজি বা ডোয়েক 'বি' লেভেল সার্টিফিকেট। এছাড়া উচ্চযোগ্যতাসম্পন্নরাও যোগ্য। সব ক্ষেত্রে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা দরকার। মাইনে ২৫ হাজার টাকা। দরখাস্ত পাঠানোর শেষ তারিখ ২০ জানুয়ারি। দরখাস্ত পাঠাবেন এই ই-মেল আই.ডি-তে: nsqf@pragationline.co.in যোগাযোগের জন্য ফোন করুন এই নম্বরে : 6290820410.


**All India Institute of Local Self Government, Mumbai** অনুমোদিত ও সরকার স্বীকৃত

**Sanitary Inspector**

ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

যোগ্যতা : SI (H.S & Computer Basic)

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।

এখানে CMS & ED কোর্স করানো হয়

সদ্য বেরনো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষায় ১৯টি পদে অধিকাংশই প্রায় সফল IIHT এর প্রার্থীরা

**IIHT** www.iiht.in (11 AM to 4 PM)

226 B. B. Ganguly Street Bowbazar, Kol-12

9836396734, 7003224427, 9831774517, 7439387365



**Central Institute of Petrochemicals Engineering & Technology(CIPET-CSTS), Haldia**

(Dept. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India)

City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657

Email: haldia@cipet.gov.in / ltc-haldia@cipet.gov.in

AICTE APPROVED

**CIPET ADMISSION TEST (CAT)-2026**

100% Placement Record

**DIPLOMA, POST DIPLOMA & PG DIPLOMA**

Registration Link :- https://cipet26.onlineregistrationform.org/CIPET/

| Sl. No. | Name of Program | Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma In Plastics Mould Technology (DPMT) | 3 Years | 10th Std. (Passed/ Appeared) |
| 2 | Diploma In Plastics Technology (DPT) | | |
| 3 | Post Graduate Diploma In Plastics Processing & Testing (PGD-PPT) | 2 Years | 3 Years Degree In Science (Passed/ Appeared) |
| 4 | Post Graduate Diploma In Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1.5 Years | Diploma in Machanical/ Plastics/ Polymerl/ Tool/ Tool & Die Making / Production/ Mechatronics/ Automobile/ Petrochemicals/ Industrial/ Instrumenation Engg./ Technology of DPMT/ DPT or Equivalent. |

Scan For Registration →

| Sl. No. | Description | Date |
|---|---|---|
| 1. | Last date of Online registration | 28-05-2026 |
| 2. | Date of Issue of Admit Card for CAT | 03-06-2026 |
| 3. | Date of CAT all over India | 07-06-2026 |

**DIRECT ADMISSION THROUGH LATERAL ENTRY 2026**

| Sl. No. | Name of Program | Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma In Plastics Mould Technology (DPMT) & Diploma In Plastics Technology (DPT) | 2 Years (Lateral Entry) | Passed 10th+2 exam (Regular/ vocational)(Physics, Maths & Chemistry) or 2 yrs. ITI. |

No Age Bar | SCHOLARSHIP | INTERNSHIP WITH STIPEND | ASSISTANCE FOR EDUCATION LOAN | Hostel Facility

+ 91 9002132328, +91 9749042189


# আগামী ৬ মাসে ৫৬,৭০০ এআই (AI) দক্ষ কর্মীর প্রয়োজন: সাধারণ ডিগ্রির দিন শেষ, ভবিষ্যৎ গড়তে ভরসা এখন 'স্কিল বেসড' শিক্ষা ও B.Voc



ইনোটেক এডুহাবের চেয়ারম্যান ও টেকনো গ্লোবের ডিরেক্টর শ্রী বিশ্বনাথ মন্ডল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** চতুর্থ শিল্প বিপ্লব বা 'ইন্ডাস্ট্রি ৪.০'-এর দোরগোড়ায় দাঁড়িয়ে আমূল বদলে যাচ্ছে ভারতের কর্মসংস্থানের মানচিত্র। গতানুগতিক ডিগ্রি বা শুধুমাত্র পুঁথিগত বিদ্যা এখন আর নিশ্চিত চাকরির চাবিকাঠি নয়। সাম্প্রতিক বাজার সমীক্ষা ও বিভিন্ন কর্পোরেট রিপোর্ট বলছে, আগামী মাত্র ৬ মাসের মধ্যে ভারতের আইটি এবং নন-আইটি সেক্টরে প্রায় ৫৬,৭০০ জন এআই (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তায় দক্ষ কর্মীর প্রয়োজন হতে চলেছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই বিশাল চাহিদার তুলনায় দক্ষ কর্মীর জোগান অত্যন্ত নগণ্য। এই সংকট ও অপার সম্ভাবনার বিষয়ে আলোকপাত করলেন ইনোটেক এডুহাবের (Innotech Eduhub) মাননীয় চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এবং টেকনো গ্লোবের (Techno Globe) ডিরেক্টর, বিশিষ্ট শিক্ষাবিদ শ্রী বিশ্বনাথ মন্ডল। তিনি স্পষ্টভাবে জানান, আমরা এমন এক যুগে প্রবেশ করেছি যেখানে 'সার্টিফিকেট'-এর চেয়ে 'স্কিল' বা দক্ষতার কদর অনেক বেশি। আগামী দিনগুলোতে ডেটা অ্যানালিটিক্স, ডেটা সায়েন্স, ডিজিটাল মার্কেটিং এবং সাইবার সিকিউরিটিতে যারা দক্ষ হবে, তারাই রাজত্ব করবে চাকরির বাজারে। প্রতিটি কোম্পানি এখন অটোমেশন এবং ডেটা-নির্ভর সিদ্ধান্তের দিকে ঝুঁকছে। তিনি চারটি প্রধান ক্ষেত্রের কথা উল্লেখ করেন যেখানে কর্মসংস্থানের জোয়ার আসছে:

**১. ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স:** বর্তমান বিশ্বে তথ্যই হলো নতুন সম্পদ। অগোছালো তথ্যকে বিশ্লেষণ করে ব্যবসার উন্নতি করার জন্য ডেটা সায়েন্টিস্টদের চাহিদা আকাশছোঁয়া। **২. ডিজিটাল মার্কেটিং:** পুরোনো মার্কেটিং পদ্ধতি এখন অচল। এআই টুলস ব্যবহার করে সঠিক ক্রেতার কাছে পৌঁছাতে কোম্পানিগুলো এখন দক্ষ ডিজিটাল মার্কেটার খুঁজছে। **৩. হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং (সাইবার সিকিউরিটি):** যত বেশি কাজ অনলাইনে হচ্ছে, তত বাড়ছে তথ্যের চুরির ঝুঁকি। হ্যাকারদের হাত থেকে সার্ভার বাঁচাতে সাইবার সিকিউরিটি এখন অপরিহার্য।

**B.Voc ডিগ্রি:** সাধারণ গ্র্যাজুয়েশনের সাথে পার্থক্য ও গুরুত্ব শ্রী বিশ্বনাথ মন্ডল বর্তমান ছাত্রছাত্রীদের আর অভিভাবকদের একটি ভ্রান্ত ধারণা ভাঙতে চান। অনেকেই মনে করেন, গতানুগতিক বি.এ (B.A), বি.এসসি (B.Sc) বা বি.কম (B.Com) পাস করলেই চাকরি পাওয়া যাবে। কিন্তু বাস্তবতা ভিন্ন। তিনি 'B.Voc' (ব্যাচেলর অফ ভোকেশন) ডিগ্রির গুরুত্ব তুলে ধরেন।

**সাধারণ গ্র্যাজুয়েশন বনাম B.Voc: পার্থক্য কোথায়?**

• **তাত্ত্বিক বনাম ব্যবহারিক:** সাধারণ গ্র্যাজুয়েশনে প্রায় ৮০-৯০% পড়াশোনা হয় থিওরি বা তাত্ত্বিক, যার সাথে বাস্তব কাজের মিল কম। অন্যদিকে, B.Voc কোর্সে ৬০-৭০% ই থাকে প্র্যাকটিক্যাল বা হাতে-কলমে শিক্ষা। • **কর্মসংস্থান:** সাধারণ ডিগ্রি শেষ করার পর ছাত্রছাত্রীদের নতুন করে কাজ শিখতে হয় বা ট্রেনিং নিতে হয়। কিন্তু B.Voc হলো 'ওয়ার্ক ইন্টিগ্রেটেড' ডিগ্রি, অর্থাৎ পড়াশোনা শেষ করার আগেই একজন ছাত্র ইন্ডাস্ট্রিতে কাজ করার জন্য প্রস্তুত হয়ে যায়। • **স্বীকৃতি:** B.Voc একটি ইউজিসি (UGC) স্বীকৃত পূর্ণাঙ্গ ডিগ্রি, যা সরকারি ও বেসরকারি সব চাকরির ক্ষেত্রেই সাধারণ গ্র্যাজুয়েশনের সমতুল্য মান্যতা পায়, কিন্তু এর সাথে থাকে অতিরিক্ত কারিগরি দক্ষতা। শ্রী মণ্ডল বলেন, আজকের দিনে একজন ইতিহাস বা রাষ্ট্রবিজ্ঞানে গ্র্যাজুয়েটের চেয়ে একজন ডেটা সায়েন্স বা সফটওয়্যার ডেভেলপমেন্টে B.Voc ডিগ্রিধারীর চাকরির সুযোগ ও বেতন-উভয়ই অনেক বেশি।

**ক্যারিয়ার গড়তে কেন ইনোটেক এডুহাব (Innotech Eduhub)-ই সেরা?**

শ্রী বিশ্বনাথ মণ্ডল জানান, ইনোটেক এডুহাবে আমরা শুধু কোর্স করাই না, আমরা কেরিয়ার তৈরি করি (We build careers)। আমাদের ইকোসিস্টেম এমনভাবে তৈরি যাতে একজন সাধারণ ছাত্রও একজন দক্ষ প্রফেশনালে পরিণত হতে পারে। তিনি ইনোটেক এডুহাবকে বেছে নেওয়ার ১১টি প্রধান কারণ বিস্তারিতভাবে তুলে ধরেন:

**১. বাংলার প্রথম সম্পূর্ণ কাস্টমাইজড লার্নিং মডেল :** পশ্চিমবঙ্গে আমরাই প্রথম যারা ছাত্রছাত্রীদের জন্য 'কাস্টমাইজড' বা ব্যক্তিগত চাহিদানুযায়ী কোর্স অফার করছি। আমরা প্রথমে ছাত্রের একাডেমিক ব্যাকগ্রাউন্ড এবং ক্যারিয়ারের লক্ষ্য বুঝি, তারপর তার জন্য সঠিক কোর্স ডিজাইন করি। **২. গ্লোবাল এবং ইউজিসি (UGC) স্বীকৃত ইউনিভার্সিটি সার্টিফিকেট :** আমাদের প্রতিটি কোর্সের সাথে থাকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং ইউজিসি অনুমোদিত ইউনিভার্সিটির সার্টিফিকেট। ফলে আমাদের ছাত্রছাত্রীদের ডিগ্রির গ্রহণযোগ্যতা জাতীয় এবং আন্তর্জাতিক-উভয় স্তরেই প্রশ্নাতীত। **৩. ১০০% হাতে-কলমে শিক্ষা ও লাইভ প্রজেক্ট :** আমরা দিচ্ছি ১০০% প্র্যাকটিক্যাল ট্রেনিং। আমাদের কারিকুলামে রয়েছে 'লাইভ প্রজেক্ট', সিমুলেশন এবং প্র্যাকটিক্যাল অ্যাসাইনমেন্ট, যা বর্তমান ইন্ডাস্ট্রির কাজের সাথে হুবহু মিলে যায়। **৪. উন্নত এআই (AI) বেসড এসি স্মার্ট ল্যাব :** আমাদের ক্যাম্পাসে রয়েছে সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত (AC) স্মার্ট ল্যাব, যা আধুনিক এআই (AI) প্রযুক্তিতে সজ্জিত। এখানে হাই-পারফরম্যান্স সিস্টেম ও আধুনিক সফটওয়্যার ব্যবহার করে ছাত্ররা শিখতে পারে।

**৫. হাই-এন্ড টেকনোলজি এডুকেশন :** 'ইন্ডাস্ট্রি ৪.০'-এর কথা মাথায় রেখে আমাদের সিলেবাস তৈরি করেছি। এআই, মেশিন লার্নিং, ক্লাউড কম্পিউটিং-এর মতো আধুনিক প্রযুক্তিগুলো আমাদের কোর্সের অন্তর্ভুক্ত। **৬. ইন্ডাস্ট্রি-এক্সপেরিয়েন্সড ট্রেইনার :** আমাদের শিক্ষকরা কেউ শুধুমাত্র বই-পড়া শিক্ষক নন। তাঁরা প্রত্যেকেই বিভিন্ন বড় ইন্ডাস্ট্রিতে কাজ করা অভিজ্ঞ প্রফেশনাল। ফলে তাঁরা ক্লাসরুমে সরাসরি 'অন-দ্য- জব' (On-the-job) অভিজ্ঞতা শেয়ার করতে পারেন।

**৭. প্রতিটি ক্যারিয়ার কোর্সে বাধ্যতামূলক ইন্টার্নশিপ :** চাকরি পাওয়ার আগে কাজের অভিজ্ঞতা থাকা খুব জরুরি। তাই আমাদের প্রতিটি ক্যারিয়ার-ওরিয়েন্টেড কোর্সের সাথে ইন্টার্নশিপ বাধ্যতামূলক। এটি ছাত্রদের পেশাদার আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করে।

**৮. ২৫০টিরও বেশি কেরিয়ার-ফোকাসড কোর্স :** আমাদের ঝুলিতে রয়েছে ২৫০টিরও বেশি বিষয়ভিত্তিক কোর্স। আইটি ও এআই, ডিজিটাল ও ডেটা, ম্যানেজমেন্ট ও ইআরপি (ERP), ভোকেশনাল স্কিল ডেভেলপমেন্ট থেকে শুরু করে সরকারি ও কর্পোরেট প্রজেক্ট-ছাত্ররা তাদের পছন্দমতো বিষয় বেছে নিতে পারে। **৯. প্রফেশনাল ডাক্তার দ্বারা বিশেষ কাউন্সেলিং :** আমরা শুধু কেরিয়ার নয়, ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্যের দিকেও নজর দিই। প্রতি ত্রৈমাসিকে (Quarterly) প্রফেশনাল ডাক্তারদের দিয়ে ছাত্রদের মানসিক ও ইমোশনাল কাউন্সেলিং করানো হয়। চাপের মুখে কীভাবে সুস্থ থাকা যায়, তা শেখানো হয় এখানে। **১০. হাই-ব্রিড (Hybrid) লার্নিং অপশন :** অনেকেই আছেন যারা চাকরিরত বা দূরে থাকেন। তাদের জন্য রয়েছে আমাদের ফ্লেক্সিবল অনলাইন + অফলাইন (হাইব্রিড) লার্নিং মডেল। ফলে দূর থেকেও আন্তর্জাতিক মানের শিক্ষা গ্রহণ করা সম্ভব। **১১. লাইফটাইম প্লেসমেন্ট সাপোর্ট :** কোর্স শেষ মানেই সম্পর্ক শেষ নয়। আমরা প্রদান করি লাইফটাইম প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। অর্থাৎ, ক্যারিয়ারের শুরুতে চাকরি পাওয়া থেকে শুরু করে পরবর্তীতে বেটার অপরচুনিটির জন্য গাইডেন্স, সিভি বিল্ডিং ও ইন্টারভিউ প্রিপারেশন-সবসময় ইনোটেক এডুহাব ছাত্রদের পাশে থাকে।

**যোগাযোগ এবং ভর্তির তথ্য :** যারা নিজেদের ক্যারিয়ার নিয়ে সিরিয়াস এবং আগামী দিনের আইটি জগতে নিজেদের প্রতিষ্ঠিত করতে চান, তারা সরাসরি যোগাযোগ করুন নিচের ঠিকানায় — ঠিকানা: ৪৯/১, গড়িয়া স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০৮৪ (৪৯ নম্বর বাস স্ট্যান্ড এবং গড়িয়া স্টেশনের অতি নিকটে), হেল্পলাইন: ৯৮৩১৯০৯৮৯৮, ৯৩৩০৫৬৪৩৮৭

# WBCS পরীক্ষায় সাবজেক্ট হিসাবে 'ইতিহাস' খুবই গুরুত্বপূর্ণ — কমন পাবো কীভাবে

*১৬ ডিসেম্বর ডব্লু.বি.সি.এস - ২০২৪ পরীক্ষার অনলাইন দরখাস্ত নেওয়ার প্রক্রিয়া শেষ হয়েছে। এর মধ্যেই আবার ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস পরীক্ষার সংক্ষিপ্ত (ইন্ডিকেটিভ) বিজ্ঞপ্তি (নং : 03/2025) বের হল। অর্থাৎ, এবার কোমড় বেঁধে নির্দিষ্ট লক্ষ্যে প্রস্তুতি নিতেই হবে। তার জন্য চাই নিখুঁত পরিকল্পনা ও নিরলস পরিশ্রম। এর সঙ্গেও যেটা দরকার, সেটা হল সাবজেক্ট ধরে-ধরে ঠিকঠাক প্রস্তুতি। তবেই হবে লক্ষ্যপূরণ। রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরি পাওয়ার স্বপ্ন যাঁরা দেখেন, তাঁদের জন্য এই পরীক্ষা সবচেয়ে গুরুত্বপূর্ণ। কিন্তু এই অল্প সময়ে পাহাড়প্রমাণ সিলেবাস কভার করে, ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে রাজ্য সরকারের এই প্রিমিয়ার পরীক্ষায় পাশ করতে পারবেন, তা জানাটাই আসল। বিষয় ধরে-ধরে ডব্লু.বি.সি.এস পরীক্ষার স্ট্র্যাটেজি সংক্রান্ত সিক্রেট শেয়ার করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়

ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (WBCS) ও পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের অন্যান্য চাকরির পরীক্ষার জেনারেল নলেজ সেকশনে ইতিহাস বিষয়টির গুরুত্ব অপরিসীম। প্রতিটি পর্যায়ে - প্রিলিমিনারি, মেন ও ইন্টারভিউ। এই ৩টি ক্ষেত্রেই ইতিহাসের সঠিক ধারণা, বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি ও প্রাসঙ্গিক উত্তর দেওয়ার দক্ষতা অত্যন্ত প্রয়োজনীয়। ইতিহাস প্রশ্ন সাধারণত ৩টি ভাগে বিভক্ত-- প্রাচীন, মধ্যযুগীয় ও আধুনিক ভারত। যার মাঝে ভারতের জাতীয় আন্দোলন, সাংস্কৃতিক বিকাশ, পশ্চিমবঙ্গের ইতিহাস, ব্যক্তিত্ব ও সাল-তালিকা ইত্যাদি গুরুত্ব পায়।

সিভিল সার্ভিস পরীক্ষায় ইতিহাস না পড়লে ভারতের প্রশাসনিক, সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক ইতিহাসের গতি প্রকৃতি বুঝতে সমস্যা হবে। ইতিহাস নীতিনির্ধারণী ও সমকালীন সমস্যার বিশ্লেষণে গুরুত্বপূর্ণ। ইতিহাসে ভালো জ্ঞান থাকলে ন্যাশনাল ও স্টেট লেভেলের চাকরির পরীক্ষায় জেনারেল নলেজ, রচনামূলক প্রশ্ন, পার্সোনালিটি টেস্ট ও ইন্টারভিউয়ে আত্মবিশ্বাস ও গভীরতা আসে।

**● প্রস্তুতির কৌশল**

**সিলেবাস অনুসরণ :** ডব্লিউবিসিএস ও পিএসসি পরীক্ষার অফিসিয়াল সিলেবাস ভালোভাবে পড়ুন ও বুঝে নিন। সিলেবাস বিভক্ত করুন এই ভাবে। যেমন, প্রাচীন ভারত, মধ্যযুগ, আধুনিক ভারত, স্বাধীনতা আন্দোলন ও পশ্চিমবঙ্গ সংক্রান্ত ইতিহাস। মূল বই ও নোট তৈরি করুন NCERT (Classes VI-X) বইকে ভিত্তি করে। আধুনিক ইতিহাস বা জাতীয় আন্দোলনের জন্য নিম্নলিখিত বইগুলি খুবই জনপ্রিয়।

১. '*Ancient and Medieval India by Poonam Dalal Dahiya*' বইটি প্রাচীন ও মধ্য যুগের ইতিহাসের জন্যে খুব ভালো। বইটি ইংরিজিতে লেখা। মোট ১৬টি অধ্যায়ে ভারতের প্রাচীন ও মধ্য যুগের ইতিহাসের ব্যাপারে লেখা রয়েছে। শুধু তাই নয় প্রস্তুতির সুবিধার জন্য প্রত্যেকটি অধ্যায়ের শেষে গুরুত্বপূর্ণ প্রশ্ন নিয়ে অনুশীলনীও রয়েছে।

২. '*A Brief History of Modern India by Spectrum Books*' বইটি আধুনিক ইতিহাসের জন্যে খুবই ভালো বই। ভারতীয় স্বাধীনতা সংগ্রামের ব্যাপারে সরল ইংরিজিতে বিস্তারিত লেখা রয়েছে, যা পরীক্ষার্থীদের প্রিলিমিনারির ৫০ নম্বর ও মেনের ১০০ নম্বর প্রশ্নের উত্তর দিতে সাহায্য করবে।

৩. '*Indian History by Krishna Reddy*' বইটি মেন পরীক্ষার জন্যে খুবই গুরুত্বপূর্ণ। সাফল্য পেতে হলে বইটি পড়া একপ্রকার বাধ্যতামূলক। বইটি একটু শক্ত ইংরিজিতে লেখা হলেও ভারতের ইতিহাসের ব্যাপারে ভালোভাবে জানতে বইটি অতুলনীয়।

৪. '*স্বদেশ সভ্যতা ও বিশ্ব*', লেখক - জীবন মুখোপাধ্যায়। বাংলায় এই বইটি ডব্লিউবিসিএস পরীক্ষার জন্যে সব থেকে ভালো। বইটিতে ভারতের প্রাচীন, মধ্য ও আধুনিক ইতিহাস ভালোভাবে লেখা রয়েছে। বিশেষ করে আধুনিক ইতিহাসটি এই বই থেকে পড়া হলে ডব্লিউবিসিএসের জন্য অন্য বই পড়তে হবে না।

**পশ্চিমবঙ্গের ইতিহাস :**

বিশেষভাবে পশ্চিমবঙ্গের ঐতিহ্য, স্বাধীনতা আন্দোলন, সামাজিক-ধর্মীয় সংস্কারক, বিখ্যাত ব্যক্তিত্ব, স্থান ও ঘটনাবলী ভালোভাবে পড়ুন।

**বিগত বছরের প্রশ্নপত্র :**

বিগত ১০-১৫ বছরের প্রশ্নপত্র বিশ্লেষণ করে কোন অংশ বেশি আসে, প্রশ্নের ধরন কেমন, সেগুলি বুঝে অধ্যয়ন করুন। অনুশীলনের মাধ্যমে পরীক্ষা পরিকল্পনা সাজান।

**সংক্ষিপ্ত নোট তৈরি :** নিয়মিত ছোটো ছোটো নোট ও টাইমলাইনের মাধ্যমে পুনরাবৃত্তি করুন, যাতে পরীক্ষার আগে সহজে রিভিশন করা যায়।

**মক টেস্ট :** বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে মক টেস্ট দিন, পড়তে পড়তে স্ব-মূল্যায়ন করুন।

**চিত্র, ম্যাপ ও টাইমলাইন :** ইতিহাসের ঘটনাবলী ছবির মাধ্যমে মনোযোগ সহকারে পড়ুন। টাইমলাইন তৈরি করে বড়ো বড়ো ঘটনাসমূহ ধারাবাহিকভাবে অনুশীলন করুন।

**গ্রুপ ডিসকাশন ও আলোচনা :** বন্ধু বা কোচিং-সেন্টারে এক-এক দিন একটি করে চ্যাপ্টার আলোচনা করলে পড়াটা মাথায় ভালোভাবে বসে। এটি ভালো প্রস্তুতির একটি অবিচ্ছেদ্য অংশ।

**ইন্টারভিউ ও পার্সোনালিটি টেস্টে ইতিহাসের ভূমিকা :** ইন্টারভিউ ও পার্সোনালিটি টেস্টে ইতিহাস বিষয়ে সাধারণ প্রশ্ন থেকে বিশ্লেষণধর্মী প্রশ্ন আসে, যেমন: স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন ধাপ, কোন নেতার ভূমিকা, বঙ্গভঙ্গ, বিশিষ্ট সংস্কারক, সাম্প্রতিক সামাজিক-রাজনৈতিক পরিবর্তনের প্রভাব ইত্যাদি। ইন্টারভিউয়ে ইতিহাসের বিষয় জানলে নিজের যুক্তি-তর্কের ক্ষমতা ও ঐতিহ্যের ভীতের দৃঢ়তা বোঝাতে পারবেন।

**● সংক্ষিপ্ত প্রস্তুতি টিপস**

**পরিকল্পিত অধ্যয়ন:** দিনে চ্যাপ্টার বা গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ ভাগ করে পড়া ও রিভিশন দেওয়া।

**উৎসাহী হোন:** প্রতিটি ঘটনা ও তথ্য বুঝে পড়ুন, মুখস্থ নয়।

**প্র্যাকটিস ও রিভিউ :** প্রতিদিন MCQ ও বক্তব্য লিখে অনুশীলন করুন।

**তথ্য চিহ্নিত করুন :** মনে রাখার সুবিধের জন্য গুরুত্বপূর্ণ সাল, স্থান, ব্যক্তি ও ঘটনাবলির আলাদা নোট রাখুন।

**● প্রশাসনিক কর্মকর্তাদের জন্য ইতিহাস শিক্ষা গুরুত্বপূর্ণ**

**সামগ্রিক জ্ঞানের ভিত্তি:** ইতিহাস অধ্যয়ন আমাদেরকে বর্তমান পরিস্থিতি ও আমাদের সমাজ কীভাবে আজকের অবস্থায় এসেছে তা বুঝতে সাহায্য করে।

**সমালোচনামূলক চিন্তাভাবনা:** অতীতের ঘটনা ও তার ফলাফল বিশ্লেষণ করার মাধ্যমে, পরীক্ষার্থীরা কারণ ও প্রভাবের সম্পর্ক বুঝতে পারে ও সমালোচনামূলক চিন্তাভাবনা প্রকাশ করতে পারে।

**সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বোঝাপড়া:** ইতিহাস অধ্যয়ন আমাদের ঐতিহ্য মনে রাখতে ও পূর্ববর্তী প্রজন্মের উত্তরাধিকার সংরক্ষণ করতে সাহায্য করে, যা একজন অফিসারের সাংস্কৃতিক বোধগম্যতা বাড়ায়।

**ভবিষ্যতের জন্য শিক্ষা:** অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে, আমরা একটি উন্নত সমাজ গড়তে আরও ভাল সিদ্ধান্ত নিতে পারি। পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস-সহ পিএসসি'র অধিকাংশ পরীক্ষায় ইতিহাস একটি কোর সাবজেক্ট। নিয়মিত অধ্যয়ন, গোছালো নোট ও সঠিক পরিকল্পনায় ইতিহাসে দক্ষতা অর্জন সম্ভব। শুধু পরীক্ষার ফলাফলে নয়, ভবিষ্যৎ প্রশাসনিক ভূমিকার জন্যও যা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# ডিসান অ্যাকাডেমির 'টেক অফ স্কিলস'-এ অভূতপূর্ব সাড়া

তারক নাথ দাস, কলকাতা : শুধুমাত্র স্কিল আপগ্রেড করলেই আজকের দিনে চাকরি হবে না। তার জন্য চাই ঠিকঠাক মত গ্রুমিং, প্রেজেন্টেশন ও সর্বোপরি 'চাকরি পেতেই হবে' এই দুরন্ত কনফিডেন্স-এর। আর ঠিক এই জন্যই রাজ্যের অন্যতম সেরা আইটি ট্রেনিং প্রোভাইডর, ডিসান অ্যাকাডেমি আয়োজন করেছিল 'টেস্ট অফ স্কিলস' মত একটি ইন্টারঅ্যাকটিভ অনুষ্ঠান। এখানে ছেলেমেয়েদের র‍্যান্ডম প্রোজেক্ট দেওয়া হয়েছিল। সময় ছিল ৮ ঘন্টা। তার মধ্যেই তাদেরকে প্রোজেক্ট সাবমিট করতে হয়। কোথাও দেখা গেল 'MERN Stack'-এর ছেলেমেয়েরা কোডিং-এর ওপর প্রোজেক্ট করছে আবার কোথাও বা 'Digital Marketing'-এর ছেলেমেয়েরা লাইভ রিলস বানাচ্ছে। আবার 'UI/UX Designing'-এর ছেলেমেয়েরা বানাচ্ছে নতুন ধরনের অত্যাশ্চর্য্য ব্যানার বা ফ্লায়ার। এছাড়াও ছিল, গান, কবিতা বা আবৃত্তি-র লাইভ পারফরমেন্স। সব মিলিয়ে ২দিনের জমজমাট অনুষ্ঠান। শেষে ২ ভাগে ফলাফল প্রকাশ হয়। পুরস্কার দিলেন আইটি ইন্ডাস্ট্রির নামিদামী ব্যক্তিত্বরা। প্রথম পুরস্কার (Top Performer by Leaders Choice Award) ছিল ৫,০০০ টাকা সঙ্গে শংসাপত্র। দ্বিতীয় পুরস্কার (Top Performer by Viewers Choice Award) ছিল ৩,০০০ টাকা সঙ্গে শংসাপত্র। এই রকমই আরেকটি ইন্টারঅ্যাকটিভ 'টেস্ট অফ স্কিলস' অনুষ্ঠান হবে সামনের মাসে। তখন পুরস্কার মুল্য অনেক বেশি থাকবে। একথা বলাই বাহুল্য, এই ধরনের অনুষ্ঠানে যত বেশি যোগ দেবেন, তত বেশি নিজের স্কিল আপগ্রেড হবে। তাই বসে না থেকে আজই রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুন ডিসান অ্যাকাডেমিতে, মো : 9429691888.



ডিসান অ্যাকাডেমির সি.ই.ও অর্ঘ্য দত্ত নিজে পুরস্কার দিয়ে প্রতিযোগীদের উৎসাহ দিচ্ছেন।

# রেলে চাকরির খতিয়ান — বাঙালীর সাফল্যের গ্রাফ কি উর্দ্ধমুখী ?

ভারতীয় রেলওয়ে নিয়োগ পর্ষদের ঘোষণানুযায়ী RRB NTPC (গ্র্যাজুয়েট/আন্ডার গ্র্যাজুয়েট) পদের দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া সম্পূর্ণ। গ্রুপ 'ডি' পদের দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরুর মুখে। খবরে প্রকাশ, NTPC-তে দশ-বারো হাজার পদের জন্য আবেদনকারীর সংখ্যা কোটি ছাড়িয়েছে। গ্রুপ 'ডি' পদের আবেদনকারীর সংখ্যা কত দাঁড়াবে তা সময়ই নির্ণয় করবে। এখন প্রশ্ন হল, মাত্র কয়েক হাজার পদের জন্য এত বিপুল সংখ্যক পরীক্ষার্থীর সাথে পরীক্ষায় বসে সাফল্য কি ছিনিয়ে আনা সম্ভব ? এ কি শুধু কথার কথা, না অলীক কল্পনা ? কোন্ যাদুমন্ত্রের বলে মাত্র কয়েক মাসের প্রস্তুতিতে সাফল্য ছিনিয়ে আনা সম্ভব ? বর্তমান সময়ের নিরীখে তার সুলুক সন্ধান করলেন বিশিষ্ট লেখক, শিক্ষক তথা ক্যাসেস্ এডুকেশন, শিয়ালদহের সম্মানীয় উপদেষ্টা টি. কে. মিত্র।

সম্মান, সাম্মানিক, গতিশীলতা, বৈচিত্র্যময়তা, সুনিরাপত্তা আর সুপরিবেশের নিরীখে ভারতীয় রেলের চাকরি আজ সর্বোত্তম। যাঁরা পায় তাঁরা উপভোগ করে, আর যাঁরা পায় না তাঁরা আফশোস করে। কিন্তু কীভাবে পাওয়া সম্ভব ? বর্তমান সময়ের নিরীখে এটি কোটি টাকার প্রশ্ন। আমি বলব, সম্ভব এবং অবশ্যই সম্ভব এবং তার জন্য নচিকেতার গানের একটি লাইন ধার করে বলতে পারি — "অন্তবিহীন পথে চলুক প্রস্তুতি।"

আমার প্রস্তুতির রূপরেখাটি হবে অনেকটা এক ঢিলে দুই পাখি মারবার মতো, অর্থাৎ NTPC ও গ্রুপ 'ডি'। অনেকেই এই দুটি পদের জন্য আবেদন করতে দৃঢ় সংকল্প। আমার মতে, প্রস্তুতির আবার দুটি পর্ব বা ধাপ— (১) থিয়োরিটিক্যাল ও (২) প্র্যাকটিক্যাল। মোদ্দা কথা, জি.কে বেসড পেপারগুলিকে রাখতে হবে থিওরির মধ্যে আর ম্যাথ বেসড পেপারগুলিকে রাখতে হবে প্র্যাকটিক্যালের মধ্যে। প্রস্তুতি একটি বিশাল পর্ব, তার পুঙ্খানুপুঙ্খ আলোচনা এবং চুল-চেরা বিশ্লেষণ এই স্বল্প পরিসরে করা কখনই সম্ভব নয়। তবে বলব, পরিকল্পনাহীন প্রস্তুতি এবং তাতে কোন ফাঁক-ফোকড় থাকলে ও জল মেশালে সাফল্য কিন্তু অধরাই থাকবে। প্রস্তুতির পঞ্চতপা নিয়ে বলতে গেলে অনেকগুলি বিষয় নিয়ে আলোচনা করতে হয় এবং আমার মতে সেগুলি সুনিপুণ দক্ষতার সাথে রপ্ত করতে পারলে ধীরে ধীরে সাফল্যের পথে অগ্রসর হওয়া সম্ভব।



*টি. কে. মিত্র*

তবুও এই স্বল্প পরিসরে বলব — না বুঝে পড়া, অযথা মুখস্থ করার প্রবণতা, অনুশীলনে ঘাটতি, মেথড অফ এলিমিনেশন পদ্ধতি রপ্ত না করা, স্কোরিং পেপার চয়েজ করতে না পারা, প্রশ্নকর্তার মনস্তত্ত্ব বুঝতে না পারা এবং সর্বোপরি— 'আমার দ্বারা হবে না'— এই ক্ষাত্মক খেদোক্তি কখনোই সাফল্যের দ্যোতক হতে পারে না।

পর্যাপ্ত পরিশ্রম করুন, পরিকল্পনামাফিক প্রস্তুতি নিন, বাস্তববোধ সম্পন্ন হোন তবেই সাফল্য ধরা দেবে। কখনোই আলেয়ার পিছনে ছুটবেন না। মনে রাখতে হবে, চাকরি ডিসপ্লে করা আছে, কেবল যোগ্যতার মাপকাঠিতে তা করায়ত্ত করতে হবে। নতুন বছরে নব নব প্রস্তুতিতে আপনারা পরীক্ষা দিয়ে সফল হোন এবং ভারতীয় রেল পরিবারে নিজদেরকে অন্তর্ভুক্ত করুন— এই শুভ কামনা রেখে ইতি টানলাম।

এবিষয়ে আরো বিস্তারিত জানতে অবশ্যই যোগাযোগ করুন — ক্যাসেস্ এডুকেশন, 35, APC Road, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি-9, WA : 9123325910.

# কাঁথিতে ১৬-১৭ জানুয়ারি কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স, হসপিটাল ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত পেশাদার কোর্স পড়ানো হয় আর ওইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে নিজেদের সন্তুষ্টি না হওয়া পর্যন্ত সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলার বিশাল সুযোগ পাবেন। পশ্চিমবঙ্গে এই প্রথম এই নয়া মডেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। এছাড়া সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১৬ ও ১৭ জানুয়ারি, শুক্রবার ও শনিবার পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি শহরের সেন্ট্রাল বাস স্ট্যান্ডের লাগোয়া অঞ্জলি জুয়েলার্সের পাশে 'দ্য পি কে প্যালেস'এ এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং-কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**১৬ ও ১৭ জানুয়ারি কাঁথিতে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে :** (১) এন.সি.এস.এম (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কোলাঘাট (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) ইনোটেক এডুহাব এলএলপি, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) ড. বি.সি.রায় কলেজ, (১৩) বাঁকুড়া উন্নয়নী, (১৪) এম.সি.কে.ভি, (১৫) হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, (১৬) সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট, (১৭) বি.বি.আই.টি, (১৮) গ্লোবাল ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (১৯) সিকম গ্রুপ অফ ইনস্টিটিউশন, (২০) টেকনো ইন্ডিয়া গ্রুপ, (২১) ক্যামেলিয়া গ্রুপ অফ ইনস্টিটিউশন (২২) সেন্ট্রাল ইনস্টিটিউট অফ হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২৩) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (২৪) সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি।

www.Karmasangsthan.online

# স্কিলড সেক্টরে সামনের ৯ মাসে ৪.৫০ লাখ নিয়োগ



বিশেষ দক্ষতার উপর দাঁড়িয়ে বর্তমান চাকরির বাজার। আর তাই আজকে প্রত্যেকের দরকার বিশেষ ধরনের ট্রেনিংয়ের। যেসব সংস্থায় নিয়মিত হারে বিপুল সংখ্যক লোক নিয়োগ হয়, সেই সব সংস্থা প্রার্থীদের মধ্যে ঠিক কোন কোন বিষয় দেখে তাঁদেরকে চাকরি দেয়? গত ৩ দশক ধরে চাকরির বাজারে রাজ্যের সেরা প্রফেশনাল ইনস্টিটিউট শ্রীমতি টেকনো ইনস্টিটিউটের কর্ণধার বি.এন. পতি-কে এই ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনি বললেন, 'দেখুন এখনকার দিনে কোম্পানিগুলো ঠিক যে বিভাগে লোক নিয়োগ করবে, ঠিক সেই বিভাগে কাজ করার প্রয়োজনীয় দক্ষতা যাঁর মধ্যে দেখতে পাবে, শুধুমাত্র তাঁদেরকেই অফার লেটার দেবে। অর্থাৎ যাঁরা বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ে ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী নিজেদের মধ্যে প্রয়োজনীয় দক্ষতা তৈরি করতে পারবে — শুধুমাত্র তাঁরাই চাকরি পাবে। গোদা বাংলায় বলতে গেলে, প্রফেশনাল কোর্স না করলে চাকরি পাওয়া বর্তমান যুগে প্রায় অসম্ভব।' সম্প্রতি একটি বিখ্যাত এড-টেক সংস্থার করা একটি সার্ভেতে দেখা গেছে উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করার পর প্রায় ৬৭% ছেলেমেয়ে কোনো না কোনো প্রফেশনাল কোর্সে ভর্তি হয়ে চাকরির বাজারে নিজেদের প্রয়োজনীয়তা বাড়াতে সচেষ্ট হয়েছে। এই সার্ভেতে আরো একটা জিনিস পরিষ্কার হয়েছে যে, প্রফেশনাল কোর্স এমন জায়গা থেকে পড়তে হবে যেখান থেকে সরাসরি চাকরি পাওয়া যায়। আর এই ব্যাপারে রাজ্যের মধ্যে অন্যতম সেরা প্রতিষ্ঠান হল শ্রীমতি টেকনো ইনস্টিটিউট। বিগত ৩ দশক ধরে এই প্রতিষ্ঠান থেকে পাশ করে কয়েক হাজার ছেলেমেয়ে আজ বিভিন্ন প্রফেশনাল ফিল্ডে উচ্চ পদে কর্মরত। প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে এই সাফল্যের রহস্য কি? উত্তর খুঁজতে আমরা চলে গেছিলাম সংস্থার প্রধান কার্যালয় দক্ষিণ কলকাতার হাজরায়। এখানে বিভিন্ন ধরনের ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ও স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিংয়ের মাধ্যমে ছেলেমেয়েদের চাকরির ভবিষ্যৎ সুদৃঢ় করা হয়। এখানে ঠিক কি ধরনের ট্রেনিং দেওয়া হয়? উত্তরে সংস্থার চেয়ারম্যান জানালেন, 'বিউটি ওয়েলনেস থেকে শুরু করে সেফটি ম্যানেজমেন্ট, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়েল্ডিং, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, অটোমোবাইল মেকানিক, মোবাইল অ্যান্ড স্মার্টফোন টেকনোলজি, সিসি টিভি টেকনোলজি, ইন্টিরিয়র ডিজাইন, কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং, অটো ক্যাড, ডিটিপি, অফিস ম্যানেজমেন্ট, অডিও অ্যান্ড ভিডিও এডিটিং, এফএ সহ জিএসটি (ট্যালি প্রাইম)-এর মতো সেইসব চাকরিমুখী বিভাগেই ট্রেনিং দেওয়া হয়— যেসব বিভাগে সারা বছর ধরে স্কিলড প্রফেশনালদের ব্যাপক চাহিদা থাকে। অর্থাৎ, চাকরির বাজারে যেসব ট্রেনিং করা থাকলে, কখনও চাকরির অভাব হবে না — সেইসব ট্রেনিংকেই আমরা সবচেয়ে বেশি গুরুত্ব দিই।'



বি.এন. পতি
কর্ণধার
শ্রীমতী টেকনো ইনস্টিটিউট

এছাড়াও এই প্রতিষ্ঠানের সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল— (১) এখানে রাজ্যের ও দেশের অন্যতম সেরা সেরা কোম্পানিগুলির সাথে ইন্ডাস্ট্রিয়াল ও প্লেসমেন্ট-টাই-আপ এমনভাবে করা আছে যে, এখান থেকে যেকোনো প্রফেশনাল ট্রেনিং পাশ করলেই তাঁর একদম বাঁধা চাকরি। (২) ইন্ডাস্ট্রির সেরা সেরা স্কিলড প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিংয়ের সুযোগ। (৩) প্রতিটি ট্রেনিং করতে করতে সেরা কোম্পানিতে ইন্টার্নশিপের সুযোগ। (৪) সিম্যুলেশন ওরিয়েন্টেড ট্রেনিং, অডিও ভিসুয়্যাল ট্রেনিংয়ের বিশেষ ব্যবস্থা। (৫) ভালো চাকরি পেতে গেলে ইন্টারভিউ ক্র্যাক করতেই হয় আর ইন্টারভিউতে ভালো ফল করতে গেলে দরকার ঝাঁ চকচকে পার্সোনালিটির। কিভাবে একটি ছেলেমেয়ে নিজেদেরকে গ্রুম করে দেশের সেরা সেরা কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করবে তার জন্য প্রয়োজনীয় বিশেষ পার্সোনাল গ্রুমিং-এর ব্যবস্থা। (৬) ফ্লেক্সিবেল ব্যাচ টাইমিং। (৭) প্রতিটি বিভাগ ধরে ধরে আলাদা করে ওয়ার্কশপ— যা চাকরি পেতে এখানকার ছেলেমেয়েকে অনেকটাই সাহায্য করে। (৮) ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম কোর্স ফিতে সবচেয়ে কোয়ালিটি ট্রেনিং প্রোভাইডার হিসাবে দীর্ঘদিনের সুনাম। তাই উচ্চমাধ্যমিক বা গ্রাজুয়েশন পাশ করার পর বসে না থেকে যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পেয়ে কেরিয়ার তৈরি করার জেদ থাকে তাহলে কাউন্সিলিংয়ের জন্য আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9230076099. অথবা সরাসরি প্রতিষ্ঠানের ঠিকানায় চলে যান : শ্রীমতি টেকনো ইনস্টিটিউট, ১১৪/২এ, হাজরা রোড, কালিঘাট ফায়ার ব্রিগেডের কাছে, কলকাতা - ৭০০০২৬।

*অনুলিখন : মনীশ সাহা*

# জব ওরিয়েন্টেড অ্যাকাউন্টস অ্যান্ড ট্যাক্সেশন ট্রেনিং

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** অনেকেই চাকরির ঝক্কি-ঝামেলা এড়াতে স্বনির্ভর পেশা বেছে নেওয়াই ঠিক বলে মনে করেন। কিন্তু পেশা বাছার আগে মাথায় রাখতে হবে, তার ভবিষ্যৎ কী? এখন বিভিন্ন আইন আমূল বদলে যাওয়ায় 'অ্যাকাউন্টিং আর ট্যাক্সেশন'-এ কাজের চাহিদা তুঙ্গে। তাই ট্যাক্স কনসালটেন্সি এমনই এক স্বনির্ভর পেশা, যার চাহিদা আগেও ছিল, এখনো আছে আর ভবিষ্যতেও উত্তরোত্তর বাড়বে। ছোটো ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মধ্যবিত্ত সকলেই চান কর দিয়ে শান্তিতে দিন কাটাতে। স্বাভাবিকভাবেই অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়েছে ট্যাক্স কনসালট্যান্ট ও ই-অ্যাকাউন্ট্যান্টদের প্রয়োজনীয়তা। আগে শুধুমাত্র আইনজীবী, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরাই এই কাজ করতেন। কিন্তু এখন সাধারণ গ্র্যাজুয়েটরাও অত্যন্ত দক্ষতার সঙ্গে এই কাজ করছেন।

এই সংক্রান্ত কাজ করতে গেলে এই দুটি বিষয়ে জ্ঞান থাকা জরুরি : (১) অ্যাকাউন্টস, (২) ট্যাক্স। এই দুটি বিষয়ের ওপর ২৪ বছর ধরে 'প্রফেশনাল সার্টিফিকেট ইন অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন' (পিসিএটি) কোর্স করাচ্ছে এই বিষয়ে রাজ্যের অন্যতম সেরা সংস্থা — বেঙ্গল ট্যাক্স কাউন্সেল। এই কোর্স কারা করতে পারবেন? আইনজীবী তথা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলের অধ্যক্ষ সন্দীপ দত্ত বললেন, 'আইন বা বাণিজ্য শাখার গ্র্যাজুয়েটরা এই কোর্সে ভরতি হতে পারেন। আর অন্য শাখার গ্র্যাজুয়েট হলে, তাঁকে শুধুমাত্র অ্যাকাউন্টস শিখে নিতে হবে, যা এই প্রতিষ্ঠান থেকেও করা যেতে পারে অথবা বাইরে থেকেও শিখে আসতে পারেন। চাকরিজীবীরাও এই কোর্সে ভরতি হতে পারেন। ১ বছরের পিসিএটি কোর্সে জিএসটি, আয়কর, প্রফেশন কর, ইএসআই, প্রভিডেন্ট ফান্ড, ই-টিডিএস, ই-ফাইলিং আর সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার প্যাকেজ অর্থাৎ ট্যালি.প্রাইম শেখানো হয়। সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার ব্যবস্থা আছে। এই কোর্স শেষ করে ট্যাক্স কনসালট্যান্ট হিসাবেও কাজ করতে পারেন।' অল ইন্ডিয়া ট্যাক্সেশন সিস্টেমে ই-ফাইলিং চলে আসায় ট্যাক্স কনসালটেন্ট এবং ই-অ্যাকাউন্ট্যান্টদের চাহিদা এখন আকাশছোঁয়া। সবাই বলেন চাকরি নেই, চাকরি নেই। আমরা বলি, কাজ রয়েছে, কাজ জানা মানুষ নেই। বর্তমানে জনসাধারণ ও ব্যবসায়ী মহল যেভাবে কর প্রদান করার জন্য এগিয়ে আসছেন সেই কারণে অ্যাকাউন্টস এবং ট্যাক্স কনসালট্যান্ট হিসেবে কাজ করার মাধ্যমে এক বিশাল কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। বিকম ও ল'এর সিলেবাসে ট্যাক্স কনসালটেন্সির হাতে-কলমে প্রশিক্ষণের তেমন কোনো সুযোগই থাকে না। কিন্তু, আমরা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলের জোর দিয়েছি ঠিক এই জায়গাতে। এই প্রতিষ্ঠানে পিসিএটি কোর্সে ২ বার ভরতি নেওয়া হয়। এই কোর্সে ভরতি হওয়ার শেষ দিন ১ ফেব্রুয়ারি। মাত্র ১ বছরের মধ্যেই এই প্রফেশনাল কোর্স করে কীভাবে দাঁড়ানো যায়, তা সরাসরি জানতে যোগাযোগ করুন এই নম্বরে ৯৩৩১০৬২৭৩৩, ৯৩৩৯৮২২৫৯১ অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায়: ১১, আনন্দ পালিত রোড, কলকাতা - ৭০০০১৪।

কোর্স শেষে নিশ্চিত ভবিষ্যৎ
TCE BENGAL TAX COUNSEL
শুধু পড়ায় না
শেখায়

## SLST'র মেধা তালিকা বেরোচ্ছে

১ পাতার পর

খবর, সুপ্রিম কোর্টের আদেশ অনুযায়ী, ১২,৪৪৫টি শূন্যপদের জন্য একাদশ-দ্বাদশ শ্রেণির লিখিত পরীক্ষা হয়েছিল ২০২৫ সালের ১৪ সেপ্টেম্বর। ২,৪৬,৫৪৩ জন দরখাস্তকারীর মধ্যে ২,২৯,৬০৬ জন প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন। ৭ নভেম্বর লিখিত পরীক্ষার ফল বেরিয়ে ১৮ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত নথি যাচাই করে এবছর ৮ জানুয়ারি পর্যন্ত ইন্টারভিউ নেওয়া হয়। ২১ জানুয়ারির মধ্যে ফল বের করে, চলতি মাসেই কাউন্সেলিং প্রক্রিয়া শুরু করা হবে।

## নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি

**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান CIHM-Central Institute of Hotel and Hospitality Management College. মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের জন্য প্রফেশনাল কোর্সের ট্রেনিং দিয়ে সরাসরি চাকরির সুযোগ করে দিচ্ছে এই প্রতিষ্ঠান। বিগত ১০ বছর ধরে CIHM হসপিটালিটি সেক্টরে Hotel Management, Hospital Management, Cruise Ships Management কোর্সগুলির ১ থেকে ৩ বছরের ট্রেনিং করিয়ে ও ভর্তির সময় লিখিত Job Bond দিয়ে দেশ ও বিদেশের বিভিন্ন সংস্থা, TAJ, ITC, JW MARRIOTT-এর মত নামিদামী পাঁচ তারা হোটেল, হসপিটাল, জাহাজ ও বিভিন্ন হসপিটালিটি সেক্টরে প্লেসমেন্টের ব্যবস্থা করে ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে দিচ্ছে। এইসব কোর্সের জন্য বয়সসী হতে হবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। এছাড়াও মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা, যাঁরা এই মুহূর্তে চাকরির চেষ্টা করছেন তারাও CIHM-এর মাধ্যমে সরাসরি ট্রেনিং নিয়ে চাকরি পেতে পারেন। আসন সংখ্যা সীমিত। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন : 9330364982, 6290510340. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস। এছাড়াও রাজ্যের সমস্ত জেলা ও শহর থেকে শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরা CIHM সাথে যুক্ত হয়ে মাসে সর্বোচ্চ ১ লাখ টাকা পর্যন্ত আয় করে নিজেদের ও ছেলেমেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9163453155, 8013990366.


# প্যাকেজিংয়ের ওপর ২ দিনের ন্যাশনাল কনফারেন্স



IIP কলকাতা শাখার ব্রাঞ্চ হেড ও জয়েন্ট ডিরেক্টর ড. বিধান দাস

**পার্থ প্রতিম মণ্ডল, কলকাতা :** প্যাকেজিংয়ের ওপর দেশের অন্যতম সেরা প্রতিষ্ঠান, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং (IIP) ২৬ ও ২৭ ফেব্রুয়ারি কলকাতার হোটেল ITC Sonar-এ ন্যাশনাল কনফারেন্সের আয়োজন করেছে। অনুষ্ঠানের মুখ্য আলোচ্য বিষয় "দ্য ফিউচার অফ প্যাকেজিং : ইনোভেট, ইন্টিগ্রেট, ইন্সপায়ার"। এই আলোচনাচক্রে প্যাকেজিংয়ের ভবিষ্যৎ, ইভ্যালুয়েশন ও ইন্ডাস্ট্রি ইনসাইট নিয়ে দেশের সেরা সেরা বিশেষজ্ঞরা, পলিসি মেকার, রিসার্চার, টেকনোলজিস্ট, ইনোভেটররা তাঁদের মূল্যবান ও সুচিন্তিত মতামত জানাবেন। এছাড়াও, প্যাকেজিং-এর নেটওয়ার্কিং অপরচুনিটিজ-এর ওপর আলাদাভাবে সেশন থাকবে। রেজিস্ট্রেশন ফর্মের জন্য এই লিঙ্কে ক্লিক করুন : https://forms.gle RBvieVSmde GwKonX8 বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : ০৩৩ ২৩৬৭ ৯৫৬১ / ৬০১৬ / ০৭৩০, হোয়াটসঅ্যাপ : ৮২৪০২৪৮৭২৩।

# অঙ্কের ভীতি কাটাতে 'গণিতের সহজ পাঠ' বইটি পড়ুন




**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** গণিতের প্রতি ভয় বা অনীহা অনেক শিক্ষার্থীর মধ্যে দেখা যায়। অনেকেই গণিতকে শুধু কিছু সূত্র ও হিসাব-নিকাশ হিসেবে দেখে। কিন্তু গণিত আসলে আমাদের চারপাশের জগতের একটি অবিচ্ছেদ্য অংশ এবং একটি যৌক্তিক চিন্তার পদ্ধতি। ঠিক যেমন রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর সহজপাঠ বইটির মাধ্যমে শিশুদের কাছে বাংলা ভাষাকে সহজ ও আকর্ষণীয় করে তুলেছিলেন, ঠিক তেমনি এই বইটিও গণিতের দুনিয়াকে নতুন, সহজ এবং আনন্দদায়ক তুলে ধরবে। লেখক চঞ্চল ঘোষ কঠোর পরিশ্রম করে 'গণিতের সহজ পাঠ' শূন্য থেকে শুরু বইটি লেখেন। সরকারি চাকরির ক্ষেত্রে এই বইটি অপরিহার্য।

এই বইয়ের লক্ষ্য হল গণিতের প্রতি শিক্ষার্থীদের ভীতি দূর করা এবং গণিতের প্রতি তাদের আগ্রহ তৈরি করা। এখানে গণিতের প্রতি ধারণা, যেমন অঙ্ক, সংখ্যা, সরল করার নিয়ম, যোগ, বিয়োগ, গুণ, ভাগ, বর্গ, বর্গমূল, ঘন, ঘনমূল ইত্যাদি সহজ ও স্বাভাবিক ভাষায় ব্যাখ্যা করা হয়েছে। শুধু তত্ত্বকথা নয়, বাস্তব জীবনের উদাহরণ এবং সুন্দর সহজ সরল ভাষার মাধ্যমে গণিতের ধারণাগুলিকে স্পষ্ট করে তোলা হয়েছে। এই বইটির প্রতিটি অধ্যায় সাজানো হয়েছে এমনভাবে, যাতে শিক্ষার্থীরা ধাপে ধাপে গণিতের জগতে এগিয়ে যেতে পারে। নির্ঝর প্রকাশনী দ্বারা বইটি তৈরি হয়েছে। বইটি পাবেন কলকাতার ক্রিয়েটিভ বুক অ্যান্ড কোম্পানি থেকে। এছাড়াও কাছাকাছি স্টলে যোগাযোগ করতে পারেন। যোগাযোগ : ৯৬৪৭২ ৮০৭৭৬।




রাজ্যের অন্যতম সেরা ইঞ্জিনিয়ারিং কলেজ তথা দুর্গাপুরের ড. বি.সি. রয় ইঞ্জিনিয়ারিং কলেজ ১২ জানুয়ারি জাতীয় যুব দিবস উপলক্ষ্যে স্বামী বিবেকানন্দ মর্মর মূর্তির উন্মোচন করল। অনুষ্ঠানের উদ্বোধন করলেন বাঁকুড়া রামকৃষ্ণ মিশন আশ্রমের সচিব স্বামী স্তবপ্রিয়ানন্দ মহারাজ। কলেজের তরফ থেকে তাঁকে সাদরে আপ্যায়ণ করলেন ড. বি.সি. রয় ইঞ্জিনিয়ারিং কলেজ (সোসাইটি)-এর জেনারেল সেক্রেটারি তরুণ ভট্টাচার্য।

*ছবি : মনীশ সাহা*

## পশ্চিমবঙ্গ তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও অর্থ নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)

এবং

## সিপেট: সেন্টার ফর স্কিলিং অ্যান্ড টেকনিক্যাল সাপোর্ট (সিএসটিএস)- হলদিয়া

(রসায়ন ও পেট্রোকেমিক্যাল বিভাগ, রসায়ন ও সার মন্ত্রক, ভারত সরকার)

একটি আইএসও ৯০০১ : ২০১৫ প্রত্যয়িত সংস্থা

### আমন্ত্রণ পত্র

পশ্চিমবঙ্গের বেকার ও সুযোগ-সুবিধা বঞ্চিত তপশিলি জাতির (এসসি) প্রার্থীদের মধ্যে যাঁদের বার্ষিক পারিবারিক আয় ৩,০০,০০০/- টাকার বেশি নয়, মূলত তাঁদের জন্য পাঁচ (৫) মাস ব্যাপী বিনামূল্যে, প্লাস্টিকের ওপর আবাসিক কর্মমুখী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচির জন্য আবেদন পত্র নেওয়া হচ্ছে। কোর্সের বিবরণ নীচে দেওয়া হল :

| ক্রম নং | কোর্সের নাম | যোগ্যতার মানদণ্ড | | আসন সংখ্যা | স্থান |
|---|---|---|---|---|---|
| | | ন্যূনতম যোগ্যতা | বয়স সীমা | | |
| ১. | মেশিন অপারেটর- ইনজেকশন মোল্ডিং (এমও-আইএম) | দশম উত্তীর্ণ/উঃমাঃ/ আইটিআই | ১৮-৩৫ বছর | ৭৫ | সিপেট : সিএসটিএস-হলদিয়া, সিটি সেন্টার, পোঃ- দেভোগ, হলদিয়া, জেলা- পূর্ব মেদিনীপুর (প.ব.) পিন- ৭২১৬৫৭, মোবাইল নং : ৯৪৩৪০৩৯৪৬৬ |
| ২. | মেশিন অপারেটর- প্লাস্টিক্স প্রসেসিং (এমও-পিপি) | | ১৮-৩৫ বছর | ৭৫ | |

আবেদনের পদ্ধতি : আগ্রহী প্রার্থীরা, তাঁদের বায়োডেটা, স্বপ্রত্যয়িত অবশ্য প্রয়োজনীয় নথি যেমন মাধ্যমিক পাশের শংসাপত্র, জাতি শংসাপত্র, আবাসিক শংসাপত্র, বর্তমান পারিবারিক আয়ের শংসাপত্র ও ০৫টি রঙিন পাসপোর্ট আকারের ছবি ২০.০১.২০২৬ তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে অনুরোধ করা হচ্ছে। আবেদনের জন্য স্ট্যান্ডার্ড ফরম্যাটটি পোর্টালেও পাওয়া যাবে : https://wbbcdev.webstep.in

ঠিকানা : সিপেট : সিএসটিএস-হলদিয়া, সিটি সেন্টার, পোঃ- দেভোগ, হলদিয়া, জেলা- পূর্ব মেদিনীপুর (প.ব), পিন- ৭২১৬৫৭, ফোন : ০৩২২৪-২৫৫৫৩৪

আরো বিস্তারিত জানতে অনুগ্রহ করে যোগাযোগ করুন (সকাল ৯:৩০ থেকে বিকেল ৫:৩০) : ৯৪৩৪০৩৯৪৬৬ / ৭৯৭৮৮৩৭৫৩৯ / ৭২৭৭০৪০৪৪২ / ৮১১৭২৪৩৪৩৫ / ৯১০৩৩২৩৫৯২

ই-মেল : haldia@cipet.gov.in, vtc-haldia@cipet.gov.in

স্বা/- প্রিন্সিপ্যাল ডিরেক্টর ও হেড,
সিপেট : সিএসটিএসহলদিয়া

গত সপ্তাহের পর

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**২৫ সেপ্টেম্বর :** 'পিরামল ফিনান্স'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন আনন্দ পিরামল।

□ 'বিজনেসলাইন চেঞ্জমেকার পুরস্কার'এ 'বর্ষসেরা চেঞ্জমেকার পুরস্কার' পেল 'ডিআরডিও'। দেশীয় কৌশলগত প্রযুক্তিতে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। অন্যদিকে, শিক্ষা ও স্বাস্থ্যসেবা ক্ষেত্রে ব্যাপক কাজের জন্য 'আইকনিক চেঞ্জমেকার পুরস্কার' পেল 'আজিম প্রেমজি ফাউন্ডেশন'। এই পুরস্কারগুলি ভারতের উন্নয়নের দু'টি স্তম্ভ তুলে ধরে : অত্যাধুনিক প্রযুক্তিগত নেতৃত্ব ও টেকসই সামাজিক প্রভাব।

□ 'মৌলানা আজাদ ইনস্টিটিউট অফ ডেন্টাল সায়েন্সেস'এ, নগদহীন দিল্লি ডেন্টাল কাউন্সিল অফিস ও ভারতের প্রথম 'সেন্ট্রাল টিস্যু ব্যাঙ্ক'এর উদ্বোধন করলেন দিল্লি সরকারের স্বাস্থ্যমন্ত্রী পঙ্কজ সিং। এই দু'টি সুবিধা দেশে স্বাস্থ্যসেবা প্রদান ও দন্ত শিক্ষার ক্ষেত্রে নতুন মানদণ্ড স্থাপন করেছে। এই 'সেন্ট্রাল টিস্যু ব্যাঙ্ক'টি রোগীদের টিস্যু বা হাড়ের গ্রাফট সরবরাহ করবে, যার ফলে বাজার থেকে এই ধরনের উপকরণ কেনার আর দরকার হবে না। ফলে এগুলি হবে আরও সাশ্রয়ী ও সহজলভ্য।

**২৭ সেপ্টেম্বর :** ইউনেস্কো'র 'ওয়ার্ল্ড নেটওয়ার্ক অফ বায়োস্ফিয়ার রিজার্ভ'এ অন্তর্ভুক্ত হল হিমাচল প্রদেশের 'কোল্ড ডেজার্ট বায়োস্ফিয়ার রিজার্ভ'। চিনের হ্যাংজু'তে 'ওয়ার্ল্ড কংগ্রেস অফ বায়োস্ফিয়ার রিজার্ভ'এ এই ঘোষণা করা হয়েছে, যা টেকসই উন্নয়নের মডেল হিসাবে ওই অঞ্চলের মূল্যকে তুলে ধরেছে। ভারতের পশ্চিম হিমালয়ে প্রায় ৭,৭৭০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে এই বায়োস্ফিয়ার রিজার্ভ অবস্থিত। ২০০৯ সালে এটিকে প্রথম 'ন্যাশনাল বায়োস্ফিয়ার রিজার্ভ' হিসাবে ঘোষণা করা হয়েছিল আর এখন এটি 'কোল্ড ডেজার্ট গ্লোবাল নেটওয়ার্ক'এ ভারতের ১৩ তম স্থান।



**প্রথম ভারতীয় জুডো তারকা হিসাবে, জুনিয়র মহিলাদের ৬৩ কেজি বিভাগে বিশ্বের ১ নম্বর স্থান অধিকার করলেন ২০ বছর বয়সি হিমাংশী টোকাস। ৬১০ পয়েন্ট নিয়ে 'আন্তর্জাতিক জুডো ফেডারেশন' জুনিয়রদের র‍্যাঙ্কিং তালিকায় শীর্ষে স্থান পেয়েছেন তিনি। ১৩ সেপ্টেম্বর, জাকার্তায় 'এশিয়ান জুনিয়র চ্যাম্পিয়নশিপ'এ প্রথম স্থান অর্জন করেন তিনি।**

□ ভারতীয় পুরুষ ক্রিকেট দলের প্রথম খেলোয়াড় হিসাবে অস্ট্রেলিয়ার জনপ্রিয় ক্রিকেট টুর্নামেন্ট 'বিগ ব্যাশ লিগ'এ খেলার কৃতিত্ব অর্জন করতে চলেছেন রবিচন্দ্রন অশ্বিন। বিগ ব্যাশের ১৫ তম মরসুমের জন্য 'সিডনি থান্ডার' ক্লাবের জার্সিতে খেলতে দেখা যাবে অশ্বিনকে।

□ দক্ষিণ কোরিয়ায় 'প্যারা আর্চারি বিশ্ব চ্যাম্পিয়নশিপ'এ ইতিহাস গড়লেন ১৮ বছর বয়সি ভারতীয় কম্পাউন্ড প্যারা-তিরন্দাজ শীতল দেবী। প্রথম বাহুবিহীন মহিলা হিসাবে, এই প্রতিযোগিতায় মহিলাদের কম্পাউন্ড বিভাগের ব্যক্তিগত ইভেন্টে সোনার পদক জিতলেন তিনি। পা দিয়ে তির ছুঁড়ে এদিন ইতিহাস গড়েন তিনি। বিশ্বের এক নম্বর তিরন্দাজ তুরস্কের ওজনুর কিউর গির্দিকে ১৪৬-১৪৩ ব্যবধানে হারিয়ে এই খেতাব অর্জন করেন শীতল দেবী।

□ বাংলাদেশকে পেনাল্টি শুটআউটে ৪-১ ব্যবধানে হারিয়ে, সপ্তম 'সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপ' জিতল ভারত।

**২৮ সেপ্টেম্বর :** বিহারের দু'টি জলাভূমি 'রামসর সাইট' হিসাবে মনোনীত হল। এগুলি হল : বক্সার জেলার 'গোকুল জলাধার' ও পশ্চিম চম্পারণ জেলার 'উদয়পুর হ্রদ'। এই স্বীকৃতির ফলে, ভারতে এখন ৯৩টি রামসর সাইট রয়েছে, যার মোট আয়তন ১৩,৬০,৭১৯ হেক্টর। প্রসঙ্গত উল্লেখ্য, বিহারে এর আগে ৩টি রামসর সাইট ছিল : কবর ঝিল (বেগুসরাই) আর নাগি ও নকতি পাখি অভয়ারণ্য (জামুই জেলা)।

বিসিসিআই'এর প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন দিল্লির প্রাক্তন অধিনায়ক মিঠুন মানহাস।



□ এবছর 'হোম্বালে সংহিতা হরিণীকুমার অ্যালুমনি কৃষি মিডিয়া পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন মহীশউরের প্রবীণ সাংবাদিক আমশী প্রসন্নকুমার। কৃষি সাংবাদিকতায় অসামান্য কাজ, বিশেষত মুদ্রণ ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে কৃষকদের মধ্যে সচেতনতা বাড়িয়ে তোলার ক্ষেত্রে তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ১১ অক্টোবর, বেঙ্গালউরুতে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

□ প্রজ্ঞান ওঝা ও রুদ্র প্রতাপ সিং'কে সিনিয়র পুরুষদের নির্বাচন কমিটির নতুন সদস্য হিসাবে নিযুক্ত করল বিসিসিআই। এই কমিটির চেয়ারম্যান হয়েছেন অজিত আগরকর।

□ পাক-ই-স্তানকে ৫ উইকেটে হারিয়ে, 'এশিয়া কাপ টোয়েন্টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট' জিতল ভারত।

**২৯ আগস্ট :** ৩ বছরের জন্য, 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর ডেপুটি গভর্নর হিসাবে নিযুক্ত হলেন শিরীষ চন্দ্র মুর্মু।

□ ২০২৭ সাল পর্যন্ত, ভারতের অ্যাটর্নি জেনারেল হিসাবে পুনর্নিযুক্ত হলেন আর.ভেঙ্কটরামানি।

□ দক্ষিণ ভারতের প্রথম তথা ভারতের দ্বিতীয় সম্পূর্ণ সৌরশক্তি চালিত গ্রামে পরিণত হল তেলেঙ্গানার নগরকুর্নুল জেলার ভাঙ্গুর মণ্ডলের কোন্ডারেড্ডিপল্লি। এই গ্রামে ৫১৪টি বাড়ি ও ১১টি সরকারি ভবন রয়েছে, যা পুরোপুরি সৌরশক্তিতে চলছে। এই ব্যবস্থা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে ও জনগণকে বিদ্যুৎ বিল থেকে মুক্তি দেয়। গ্রামের ৪৮০টি বাড়ির একটি বড় অংশ এখন ৩ কিলোওয়াট রুফটপ সোলার প্যানেল দিয়ে সজ্জিত। অন্যদিকে, স্কুল ও সরকারি ভবনগুলি ৬০ কিলোওয়াট সোলার ইউনিট দিয়ে চালিত। প্রতিটি বাড়ি মাসে ৩৬০ ইউনিট বিদ্যুৎ উৎপাদন করছে।

□ যৌথভাবে দুই দেশের মধ্যে প্রথম আন্তঃসীমান্ত রেলপথ নির্মাণে সম্মত হল ভারত ও ভুটান।

**৩০ সেপ্টেম্বর :** 'সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন প্রবীর রঞ্জন।

□ 'ইন্দো-তিব্বত বর্ডার পুলিশ ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন প্রবীণ কুমার।

□ ২টি 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' অর্জন করে ইতিহাস গড়ল তেলেঙ্গানার 'বাথুকাম্মা উৎসব'। প্রথম রেকর্ডটি হল সবথেকে বড় ফুলের সাজসজ্জা, যা প্রায় ৩০০ জন কারিগর ধাতু, বাঁশ ও হাজার হাজার ফুল ব্যবহার করে ৭২ ঘণ্টা ধরে তৈরি করেছিলেন। এই ফুলের সাজটি ছিল ৬৩.১১ ফুট উঁচু ও ১১ ফুট চওড়া। অন্যদিকে দ্বিতীয় রেকর্ডটি হল, সবথেকে বেশি মহিলাদের নাচে অংশগ্রহণ, যেখানে ১,৩৫৪ জন মহিলা একসঙ্গে এইনাচে অংশ নেন। এইকৃতিত্ব তেলেঙ্গানার মহিলাদের সমন্বয় ও সাংস্কৃতিক ঐক্য উভয়ই প্রতিফলিত করে।

□ ভারতে বৈদ্যুতিক গাড়িতে সাউন্ড অ্যালার্ট বাধ্যতামূলক করতে চলেছে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক। রাস্তায় চলার সময় এইসব যানবাহন প্রায় কোনো শব্দই করে না, ফলে পথচারী ও সাইকেল আরোহীদের পক্ষে এগুলিকে বুঝে নেওয়া কঠিন হয়ে পড়ে। তাই এই বিপদ এড়াতেই ওই মন্ত্রকের প্রস্তাব অনুযায়ী, ২০২৬ সালের অক্টোবরের পর বাজারে আসা সব নতুন প্যাসেঞ্জার (ক্যাটেগরি 'এম') ও গুডস (ক্যাটেগরি 'এন') বৈদ্যুতিক গাড়িতে 'অ্যাকোস্টিক ভেহিকল অ্যালার্ট সিস্টেম' বসানো বাধ্যতামূলক হবে। এরপর ২০২৭ সালের অক্টোবর থেকে এই নিয়ম কার্যকর হবে ভারতে সব চলমান উৎপাদিত বৈদ্যুতিক গাড়িতেও। এই 'অ্যাকোস্টিক ভেহিকল অ্যালার্ট সিস্টেম' হল এমন একটি প্রযুক্তি, যা গাড়ি চলার সময় নির্দিষ্ট গতি পর্যন্ত কৃত্রিম শব্দ তৈরি করে, যাতে পথচারীরা গাড়ির উপস্থিতি বুঝতে পারেন।

> ## বিশেষ বিজ্ঞপ্তি
>
> **কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

**১ অক্টোবর :** 'ন্যাশনাল ক্যাডেট কর্পস'এর ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল বীরেন্দ্র ভাটস।

□ পরিবেশ বিজ্ঞানে 'তামিলনাড়ু সায়েন্টিস্ট পুরস্কার ২০২২' পেলেন 'ভারতীদাসন বিশ্ববিদ্যালয়'এর সামুদ্রিক বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান আর.আর্থার জেমস। সামুদ্রিক বিজ্ঞানে অগ্রণী কাজ ও টেকসই পরিবেশগত অনুশীলনে অসামান্য প্রচেষ্টার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। এই পুরস্কারটি তামিলনাড়ুর বৈজ্ঞানিক অবদানের জন্য সর্বোচ্চ স্বীকৃতিগুলির মধ্যে একটি হিসাবে বিবেচিত হয়।

□ 'রাইট লাইভলিহুড পুরস্কার'এ ভূষিত হলেন দক্ষিণ প্রশান্ত মহাসাগরের একটি দ্বীপরাষ্ট্র ভানুয়াতুর আইন ছাত্রদের একটি দল ও মার্কিন ভূখণ্ড গুয়ামের মানবাধিকার আইনজীবী জুলিয়ান আগুওন। 'আন্তর্জাতিক বিচার আদালত'এ জলবায়ু ন্যায়বিচারের পক্ষে ওকালতির জন্য তাঁদের এই পুরস্কার দেওয়া হয়েছে। 'প্যাসিফিক আইল্যান্ডস স্টুডেন্টস ফাইটিং ক্লাইমেট চেঞ্জ' নামে পরিচিত এই দলটি 'আন্তর্জাতিক বিচার আদালত'এ জলবায়ু সুরক্ষার বিষয়টি উত্থাপন করেছিল। জুলাইয়ে, 'আন্তর্জাতিক বিচার আদালত' নিশ্চিত করে যে, রাষ্ট্রগুলি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় আইনত বাধ্য। 'সাউথ প্যাসিফিক বিশ্ববিদ্যালয়'এর ২৭ জন শিক্ষার্থীর মাধ্যমে প্রতিষ্ঠিত, এই দলের লক্ষ্য ছিল বিশ্বের সবথেকে গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে বিশ্বের সর্বোচ্চ আদালতে নিয়ে আসা।

□ এই প্রথমবারের মতো বিলিওনেয়ার ক্লাবের সদস্য হলেন বলিউড তারকা শাহরুখ খান। এবছর 'হারুন ইন্ডিয়া ধনী তালিকা'য় প্রথম স্থানে জায়গা পেলেন তিনি। তাঁর সম্পদের পরিমাণ এখন ১২,৪৯০ কোটি টাকা। চলচ্চিত্রের সাফল্য, ব্র্যান্ড এন্ডোর্সমেন্ট, প্রযোজনা ব্যবসা, 'কেকেআর' দলের বাণিজ্যিক সাফল্য ও বিনিয়োগের সুবাদে তাঁর এই বিপুল সম্পদ বেড়েছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে বলিউড অভিনেত্রী জুহি চাওলা আর তাঁর পরিবার (মোট সম্পদের পরিমাণ ৭,৭৯০ কোটি টাকা) ও বলিউড অভিনেতা হৃতিক রোশান (মোট সম্পদের পরিমাণ ২,১৬০ কোটি টাকা)।

□ 'টেসলা' কর্তা এলন মাস্ক হলেন বিশ্বের প্রথম ব্যক্তি, যার সম্পদের পরিমাণ ৫০০ বিলিয়ন ডলার ছুঁয়েছে। ইতিহাসে এবারই প্রথম কারও মোট সম্পদের পরিমাণ ৫০০ বিলিয়ন ডলার ছাড়াল। 'ফোর্বস' সাময়িকীর বিলিয়নেয়র সূচক অনুযায়ী, এদিন বিকাল সোয়া ৪টে পর্যন্ত মাস্কের মোট সম্পদ দাঁড়ায় ৫০০.১ বিলিয়ন বা ৫০ হাজার ১০ কোটি ডলার। যদিও দিন শেষে তা আবার কমে যায়। বিকাল ৫ টায় তাঁর সম্পদ কমে হয় ৪৯৯.১ বিলিয়ন ডলার। টেসলার শেয়ারের উত্থান ও 'স্পেসএক্স' থেকে শুরু করে কৃত্রিম বুদ্ধিমত্তার স্টার্টআপ 'এক্সএআই' পর্যন্ত, তাঁর অন্যান্য কোম্পানির মূলধন বৃদ্ধির কারণে এই মাইলফলক ছুঁয়েছেন তিনি।

□ সর্বশেষ আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ র‍্যাঙ্কিংয়ে, বিশ্বের সেরা বোলারের শিরোপা পেলেন ভারতীয় ক্রিকেট দলের স্পিনার বরুণ চক্রবর্তী। ভারতের তৃতীয় বোলার হিসাবে এই কৃতিত্ব অর্জন করলেন বরুণ। তাঁর আগে জসপ্রীত বুমরাহ আর লেগস্পিনার রবি বিষ্ণোই আইসিসি র‍্যাঙ্কিংয়ে টোয়েন্টি-২০ ফরম্যাটে বিশ্বের সেরা বোলার হয়েছিলেন।

□ আইসিসি'র সর্বশেষ টোয়েন্টি-২০ র‍্যাঙ্কিংয়ে ১ নম্বর ব্যাটসম্যানের শিরোপা পেলেন ভারতীয় তারকা অভিষেক শর্মা। তাঁর রেটিং পয়েন্ট হল ৯৩১, যা একটি নতুন বিশ্বরেকর্ড। ২০২০ সালে ইংল্যান্ডের ডানহাতি ক্রিকেটার ডেভিড মালান'এর ৯১৯ পয়েন্টের রেটিংকেও ছাড়িয়ে গেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এবছর 'এশিয়া কাপ'এ ৪৪.৮৫ গড়ে ৩১৪ রান করে সিরিজের সেরা হন অভিষেক।

□ যৌথভাবে প্রথমবারের মতো দৃষ্টিহীনদের জন্য মহিলা টোয়েন্টি-২০ ক্রিকেট বিশ্বকাপ আয়োজন করেছে ভারত ও শ্রীলঙ্কা। ১১-২৩ নভেম্বর পর্যন্ত হয়েছে এই বিশ্বকাপ।

**২ অক্টোবর :** এবছর মর্যাদাপূর্ণ 'গ্লোবাল ট্যুরিজম পুরস্কার' পেল আন্ধ্রা প্রদেশ পর্যটন বিভাগ। রাজ্যকে একটি শীর্ষ পর্যটন কেন্দ্র হিসাবে তুলে ধরার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে, রাজ্যের পর্যটন বিভাগের তরফ থেকে এই পুরস্কার নেন পর্যটন পরামর্শদাতা নিশীথা গোয়েল। রাজ্যের পর্যটন বিভাগ একটি নতুন পর্যটন নীতি বাস্তবায়ন করেছে ও পর্যটন কেন্দ্র উন্নয়নে বিনিয়োগকারীদের নির্দেশনা দিয়েছে। এটি একটি পরিবেশ-বান্ধব রাজধানী শহর গড়ে তুলতে ও রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করে তুলতে যথেষ্ট অবদান রেখেছে।

□ ভারতের প্রথম বাল্যবিবাহ মুক্ত জেলা হিসাবে ঘোষিত হল ছত্তিশগড়ের বালোদ। এই স্বীকৃতিটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'বাল্যবিবাহ মুক্ত ভারত' অভিযানের আওতাধীন, যা ২০২৪ সালের ২৭ আগস্ট শুরু হয়েছিল। বালোদ জেলায় টানা ২ বছর ধরে বাল্যবিবাহের কোনো ঘটনা ঘটেনি। বালোদের ৪৩৬টি গ্রাম পঞ্চায়েত ও ৯টি নগর সংস্থা রাজ্য সরকারের কাছ থেকে আনুষ্ঠানিক শংসাপত্র পেয়েছে। প্রশাসন, জনপ্রতিনিধি, অঙ্গনওয়াড়ি কর্মী ও সম্প্রদায়ের সম্মিলিত প্রচেষ্টা এই সাফল্যে অবদান রেখেছে।

□ অক্টোবরের শেষ থেকে ভারত ও চিনের মধ্যে সরাসরি বিমান পরিষেবা আবার চালু হয়েছে। দুই দেশের মধ্যে প্রাথমিকভাবে সরাসরি উড়ান পরিষেবা চালু করেছে 'ইন্ডিগো' ও 'চায়না ইস্টার্ন এয়ারলাইন্স'। 'ইন্ডিগো'র তরফ থেকে জানানো হয়েছে, ২৬ অক্টোবর থেকে কলকাতা ও গুয়াংঝু'র মধ্যে বিমান চলবে। রোজ চলবে সেই বিমান। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২০ সালে করোনা অতিমারির সময় দেশবাসীর সুরক্ষার কথা মনে রেখে দুই দেশের মধ্যে সরাসরি বিমান পরিষেবা বন্ধ করে দেওয়া হয়। তখন প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর ৩ বছরেরও বেশি সময় ধরে সেই নিয়ে দুই দেশের মধ্যে বিরোধ ছিল।

□ ২০২৫ সালে নরওয়ের ফোর্ডে, 'বিশ্ব ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৪৮ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতীয় ভারোত্তোলক মীরাবাই চানু। স্ন্যাচে ৮৪ কেজি আর ক্লিন অ্যান্ড জার্কে ১১৫ কেজি-সহ মোট ১৯৯ কেজি ওজন তুলে এই পদক পান তিনি। বিশ্ব চ্যাম্পিয়নশিপে এটি তাঁর তৃতীয় পদক।

**৩ অক্টোবর :** ইংল্যান্ডের ক্যান্টারবেরি চার্চের প্রথম মহিলা আর্চবিশপ হলেন ডেম সারা মুলালি।

**৪ অক্টোবর :** 'ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো'র তথ্য অনুসারে, এই নিয়ে পরপর ৪ বার দেশের মধ্যে নিরাপদতম শহরের তকমা পেল কলকাতা। ২০২৩ সালের এই রিপোর্ট অনুযায়ী, কলকাতায় প্রতি লাখে অপরাধের সংখ্যা ৮৩.৯। ২০ লাখ জনসংখ্যার ১৯টি শহরের মধ্যে সবথেকে কম অপরাধের ঘটনা ঘটেছে কলকাতাতেই।

জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হলেন সানা তাকাইচি।



□ প্রাথমিক পর্যায়ে ব্যবহারের জন্য, 'অ্যালঝাইমার'এর ওষুধ 'লেকানেম্যাব' ('লেকেম্বি' নামে বাজারজাত) অনুমোদন করল অস্ট্রেলিয়ার 'থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন'। ক্রমবর্ধমান ডিমেনশিয়া স্মৃতিশক্তি ও চিন্তাভাবনায় সমস্যা সৃষ্টি করে, যা এখন দেশটিতে মৃত্যুর প্রধান কারণ। ডিমেনশিয়ার ৬০%-৮০% ক্ষেত্রে অ্যালঝাইমার রোগ দেখা দেয়। 'লেকানেম্যাব'এর লক্ষ্য হল, রোগের অগ্রগতি ধীর করা, কিন্তু এটি ব্যয়বহুল ও এজন্য সতর্ক পর্যবেক্ষণ প্রয়োজন। অস্ট্রেলিয়ায় 'লেকানেম্যাব'এর দাম প্রতি বছর প্রায় ৪০,০০০ অস্ট্রেলিয়ান ডলার। 'লেকানেম্যাব' একটি মনোক্লোনাল অ্যান্টিবডি ড্রাগ। মনোক্লোনাল অ্যান্টিবডি হল ল্যাব-তৈরি প্রোটিন, যা নির্দিষ্ট অণুগুলিকে লক্ষ্য করে তৈরি করা হয়। 'লেকানেম্যাব' মস্তিষ্কের অ্যামাইলয়েড প্রোটিনকে লক্ষ্য করে। অ্যামাইলয়েড অ্যালঝাইমার রোগের প্রধান বৈশিষ্ট্য। মস্তিষ্কের ক্ষতি কমাতে এই ওষুধটি রোগ প্রতিরোধ ব্যবস্থাকে অ্যামাইলয়েড জমা অপসারণ করতে সাহায্য করে।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

এবছর H.S. পরীক্ষা দেবে নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১৬ ও ১৭ জানুয়ারি, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ পি.কে. প্যালেস, কাঁথি সেন্ট্রল বাস স্ট্যান্ড, অঞ্জলি জুয়েলার্সের পাশে, কাঁথি, পূর্ব মেদিনীপুর

ঃ সময় ঃ
সকাল ১০টা থেকে
বিকাল ৪টা পর্যন্ত

উপস্থাপনায় :

## কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

In Gracious Presence

JIS GROUP Educational Initiatives · RICE EDUCATION · SMIT SIKKIM MANIPAL UNIVERSITY · School of the FUTURE · techno india university WEST BENGAL · College of Engineering & Management, Kolaghat

DESUN ACADEMY Get Placed by Skills · SNU SISTER NIVEDITA UNIVERSITY · SBIHM · CAMELLIA A TRUSTED NAME · MCKV

DR.B.C.ROY SOCIETY · TIEM HOTEL AND HOSPITALITY MANAGEMENT COLLEGE · DOLPHIN School of Hotel Management · INNOTECH EDUHUB · HiM Haldia Institute of Management

ভারতীয় পৈকেজিং সংস্থান Indian Institute of Packaging Kolkata Centre · seacom GROUP · GIMS Global Institute of Management Studies · SAMAJKALYAN NURSING INSTITUTE · BBIT BUDGE BUDGE INSTITUTE OF TECHNOLOGY KOLKATA

**বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943**

## প্রাইমারি চাকরির

■ প্রাইমারি টিচারের বাংলা মাধ্যমের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে ও কতদিন ধরে চলবে? যাবতীয় প্রমাণপত্রের কত কপি জেরক্স নিয়ে যেতে হবে? কালার জেরক্স হবে কি? — সুনন্দা দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা। প্রীতি হালদার, বারাসাত, উত্তর ২৪ পরগনা। প্রিয়াঙ্কা মাঝি, মছলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। অমিতকুমার কবিরাজ, তেহট্ট, নদিয়া।

■■ প্রাইমারির ইন্টারভিউ শুরু হবে ১২ জানুয়ারির পর থেকে। ফেব্রুয়ারি মাস পুরোটাই ইন্টারভিউ চলবে। প্রায় প্রতিদিন ২,৫০০ প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার উদ্যোগ চলছে। যাবতীয় প্রমাণপত্রের ২টি সেট জেরক্স করে নিয়ে যাবেন। কালার জেরক্স নয়।

■ প্রাইমারি টিচারের ইন্টারভিউয়ের দিনই কি সার্টিফিকেট ভেরিফিকেশন হবে? — ইস্তেফাকরুল ইসলাম, বালানগর, সাগরদিঘী, মুর্শিদাবাদ।

■■ হ্যাঁ।

■ ইংরিজি মাধ্যমে স্কুলে প্রাইমারি টিচার পদের প্রার্থী ছিলাম। কিন্তু আমি যোগাযোগ করতে পারিনি। 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে জানলাম, যাঁরা ইন্টারভিউ দিতে আসেননি, তাঁরা আবেদন করলে নতুন করে ইন্টারভিউ দেওয়ার সুযোগ দেওয়া হতে পারে। এক্ষেত্রে আমার কি করণীয়? — আবুল হাসান, পাকুড়, ঝাড়খণ্ড।

■■ আপনি সরাসরি প্রাথমিক শিক্ষা পর্ষদের অফিসে যোগাযোগ করুন।

## ব্যাঙ্কে চাকরির

■ অ্যাক্সিস ব্যাঙ্ক, এইচ.ডি.এফ.সি. ব্যাঙ্ক, আই.সি.আই.সি.আই. ব্যাঙ্কে কীভাবে লোক নিয়োগ করা হয়? কীভাবে জানতে পারব? নিয়োগ পদ্ধতি কেমন? — ঐশি দাস।

■■ অ্যাক্সিস ব্যাঙ্ক, এইচ.ডি.এফ.সি. ব্যাঙ্ক, আই.সি.আই.সি.আই. -এর মতো প্রাইভেট ব্যাঙ্কগুলিতে সাধারণত বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেয়। শূন্যপদ তৈরি হলে সংশ্লিষ্ট ব্যাঙ্ক কোনো দৈনিক সংবাদপত্র কিংবা নিজেদের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেয়। প্রার্থী বাছাই হয় লিখিত পরীক্ষা (প্রয়োজন হলে), গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। জরুরি ভিত্তিতে নিয়োগের প্রয়োজন হলে ফোর্স অ্যাপ্লিকেশন থেকেও নিয়োগ করে।

## রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির যে পরীক্ষা হল, তার পরীক্ষা ফী'র টাকা ফেরৎ দেওয়া শুরু হয়েছে কি? — কাজল দাস, বহরমপুর, মুর্শিদাবাদ।

■■ না।

■ আর.পি.এফ.'এর নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সুনিতা তরফদার, নদিয়া।

■■ এখনো ঠিক হয়নি।

## পি.এস.সি.'র

■ পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষার নতুন বিজ্ঞপ্তি এবছর কবে বেরোবে? — জয়দেব অধিকারী, ধূপগুড়ি।

■■ সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি আগেই বেরিয়েছে। অনলাইনে এবছর দরখাস্ত নেওয়া হবে।

■ পি.এস.সি.'র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা হয়েছিল, গত বছর ৩১ আগস্ট। ফল কবে বেরোবে? — সৌরভ দত্ত, কল্যাণগ্রাম, আছড়া, পশ্চিম বর্ধমান।

■■ ফেব্রুয়ারি-মার্চ মাস নাগাদ ফল বেরোতে পারে।

■ পি.এস.সি. ক্লার্কশিপের যে মেনস পরীক্ষা ২৮ ডিসেম্বর হল, তার ফল কবে বেরোতে পারে? — মানিক দত্ত, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ ফল বেরোবে মার্চ মাস নাগাদ।

## স্টাফ সিলেকশনের

■ ২০২৪ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষার চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — বিভাস দাস, খড়গপুর, পূর্ব মেদিনীপুর।

■■ হ্যাঁ, বেরিয়েছে।

■ ২০২৫ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের যে পরীক্ষা গত বছর ১২ নভেম্বর থেকে ৩০ নভেম্বর হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? — সুনিতা তরফদার, করিমপুর, নদিয়া। স্বপ্না মাইতি, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।

■■ না, ফল বেরোয়নি। অ্যানসার কি বেরিয়েছে।

## পুলিশে চাকরির

■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের যে পরীক্ষা ২১ ডিসেম্বর হল, তার ফল কবে বেরোবে? — তাপস বিশ্বাস, বড় জাগুলিয়া, নদিয়া। তপন চক্রবর্তী, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ এ মাসের শেষের দিকে ফল বেরোবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় মেয়েদের জন্য কী কী বিষয় থাকে? — চিত্রা মোদক, বীরভূম।

■■ শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে, রূপান্তরকামীদের বেলায় ৩ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশ, কলকাতা পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্লাবন নস্কর, রানাঘাট, নদিয়া। অমিতেষ বেরা, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ পশ্চিমবঙ্গ পুলিশে প্রায় ১০ হাজার কনস্টেবল পদের বিজ্ঞপ্তি মার্চে বেরোবে। সাব-ইন্সপেক্টর পদেও এবছর বিজ্ঞপ্তি বেরোবে। তবে কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি।

■ আবগারি দফতরে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।

■■ প্রথমে পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোবে। তারপর আবগারি কনস্টেবলের বিজ্ঞপ্তি বেরোবে।

■ জেল পুলিশের পরীক্ষা কবে হবে? — বাপন শেখ, রামপুরহাট, বীরভূম।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | - | ১৮-৩-২৬ | https.gailonline.com |
| কলকাতা মেট্রো রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ১২৮ | ২২-১-২৬ | http://mtp.indianrailways.gov.in |
| DSSSB এর মাধ্যমে দিল্লিতে মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক | ৭১৪ | ১৫-১-২৬ | https://dsssbonline.nic.in |
| MSC-এর মাধ্যমে পুরসভায় ক্লার্ক, স্টোরকীপার, সার্ভেয়র | মাধ্যমিক, ডিপ্লোমা | ১৬ | ১৭-১-২৬ | www.mscwb.org |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক, আই.টি.আই. | ২২,০০০ | ২১-১-২৬ ২২-২-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| কোল ইন্ডিয়ায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনি | চার্টার্ড/কস্ট অ্যাকাউন্ট্যান্সি | ১২৫ | ১৫-১-২৬ | www.coalindia.in |
| নৌবাহিনীতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৪৪ | ১৯-১-২৬ | www.joinindiannavy.gov.in |
| রেলের আইসোলেটেড ক্যাটে. ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩১১ | ২৯-১-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রাজ্য কারিগরি দফতরে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. ডিপ্লোমা | ১০০ | ১৭-১-২৬ | https://polytechnic.wbtetsd.gov.in |
| Nalco-তে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি | গ্র্যাজুয়েট | ১১০ | ২২-১-২৬ | www.nalcoindia.com |
| Moil-লিমিটেডে গ্র্যাজুয়েট ট্রেনি / ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৬৭ | ২০-১-২৬ | www.moil.nic.in |

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিসের নবম-দশম শ্রেণির ইন্টারভিউ কবে শুরু হবে? — রহিদুল সেখ, কুটিরঘাট লেন, শান্তিপুর, নদিয়া।

■■ এ মাসের শেষের দিকেই ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হবে।

■ স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের সম্ভাব্য প্রশ্ন ও উত্তর 'কর্মসংস্থান'এ দেবেন। — সুমন গিরি, কাঁথি, পূর্ব মেদিনীপুর।

■■ স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের সম্ভাব্য প্রশ্ন ও উত্তর 'কর্মসংস্থান' পত্রিকা ও 'সাফল্য' পত্রিকাতে ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে।

■ দর্শনে অনার্স। পোস্ট-গ্র্যাজুয়েট ও বি.এড. আছে। পাস কোর্সে এডুকেশন ও সোশিওলজি ছিল। আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? লিখিত পরীক্ষা কোন বিষয়ের ওপর দেব? — উত্তর সরকার, বুনিয়াদপুর।

■■ আপার প্রাইমারি 'টেট' যে বিষয়ে দেবেন, সেই বিষয়টি ডিগ্রি কোর্সে থাকতে হবে। আপার প্রাইমারিতে পড়ানোর মতো কোনো বিষয় নেই। তাই আপনি আপার প্রাইমারি 'টেট' দিতে পারবেন না।

■ আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? সিলেবাস, পরীক্ষা পদ্ধতি জানাবেন। — মধুরিমা মন্ডল, সরিষা, ডায়মন্ডহারাবর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। পেশাগত যোগ্যতা হিসাবে বি.এড. / এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা / বি.এল.এড. / বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে। মোট দেড় ঘন্টার ১৫০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।

(৪) (এ) এছাড়াও অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

(৪) (বি) সোশ্যাল স্টাডিজ বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় পরীক্ষা দিতে হবে সোশ্যাল স্টাডিজ বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

কমার্স শাখার গ্র্যাজুয়েট বা, অন্য কোনো শাখার গ্র্যাজুয়েটরা প্রথম ৩টি বিষয় ছাড়াও ৪(এ) বা, ৪(বি)'এর মধ্যে যে কোনো একটি বিষয়ের পরীক্ষা দিতে পারেন। কমার্স শাখার গ্র্যাজুয়েট বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা চাইলে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে কিংবা সোশ্যাল স্টাডিজ বিষয়ের পরীক্ষা দিতে পারবেন।

এই ১৫০ নম্বরের 'টেট' পরীক্ষায় ৬০% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেলে 'টেট' কোয়ালিফাই করতে পারবেন ও 'টেট' পাশের সার্টিফিকেট পাবেন। কোনো পেপারেই নেগেটিভ মার্কিং নেই। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

■ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? পরীক্ষা কি জানুয়ারিতে হবে? — অরূপ হালদার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা। বিশাল খামরুই, কুমারিয়া, রসপুর, হাওড়া। সৌরভ চক্রবর্তী, জয়নগর, মজিলপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ১৮ ও ২৫ জানুয়ারি হওয়ার সম্ভাব্য তারিখ ছিল, কিন্তু ওই তারিখে পরীক্ষা হবে না। সম্ভবত ওই দুই পদের পরীক্ষা আরো ১ মাস পিছিয়ে ২২ ফেব্রুয়ারি ও ১ মার্চ হতে পারে। যদিও স্কুল সার্ভিস কমিশন এখনো বিজ্ঞপ্তি দিয়ে পরীক্ষার তারিখ জানায়নি। খুব শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করবে এস.এস.সি।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চে | www.wbpsc.gov.in |
| রেলের গ্রুপ-ডি পরীক্ষা | ২৭ নভেম্বর -১৬ জানুয়ারি | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিস-২৬ পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.upsconline.nic.in |
| CTET-2026 পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.ctet.nic.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি ও গ্রুপ-ডি | ২২ ফেব্রুয়ারি ও ১ মার্চ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| WBP-কনস্টেবল -২৪ মাঠ পরীক্ষা | ৮ জানুয়ারি, ২০২৬ থেকে | www.wbpolice.gov.in |
| SSC-এর মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার 2025 পরীক্ষা | ৪ ফেব্রুয়ারি থেকে | www.ssc.gov.in |

# স্কুল সার্ভিস গ্রুপ ‘ডি’



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। লিখিত পরীক্ষা হতে পারে ফেব্রুয়ারিতে। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ বিজয় হালদার।

1. কোন গুপ্ত সম্রাট হুণ আক্রমণ প্রতিহত করেছিলেন?
(A) সমুদ্রগুপ্ত (B) কুমারগুপ্ত (C) স্কন্দগুপ্ত (D) দ্বিতীয় চন্দ্রগুপ্ত

2. ‘কপিলধারা’ জলপ্রপাত কোন নদীতে অবস্থিত?
(A) কৃষ্ণা (B) চম্বল (C) শোন (D) নর্মদা

3. শিলং শহরটি কোন পর্বতে অবস্থিত?
(A) নাগা পর্বতে (B) গারো পর্বতে (C) খাসি পর্বতে (D) মিরিক পর্বতে

4. ‘জোজিলা পাস’ কোন দু'টি স্থানকে যুক্ত করেছে?
(A) লে ও কার্গিল (B) নেপাল ও তিব্বত (C) লাদাখ ও শ্রীনগর (D) কাশ্মীর ও তিব্বত

5. সালোকসংশ্লেষে অক্ষম উদ্ভিদ হল —
(A) ক্লোরেল্লা (B) মস (C) স্বর্ণলতা (D) স্পাইরোগাইরা

6. দন্ত চিকিৎসকেরা কোন ধরনের লেন্স ব্যবহার করেন?
(A) অবতল লেন্স (B) সমতল লেন্স (C) সম অবতল লেন্স (D) উত্তল লেন্স

7. কোনো ধাতব তারের মধ্য দিয়ে কোন কণার প্রবাহকে তড়িৎপ্রবাহ বলে?
(A) ইলেক্ট্রন (B) পজিট্রন (C) নিউট্রন (D) প্রোটন

8. কোন রাসায়নিক পদার্থের দূষণের কারণে ‘মিনামাটা’ রোগের সৃষ্টি হয়?
(A) সীসা (B) সালফার (C) পারদ (D) ক্যাডমিয়াম

9. কোন ধাতুতে ক্লোরোফিল পাওয়া যায়?
(A) ম্যাঙ্গানিজ (B) ক্যালসিয়াম (C) ম্যাগনেসিয়াম (D) মলিবডেনাম

10. পার্লামেন্টের কোন কক্ষের সভাপতি সেই কক্ষের সদস্য নন?
(A) লোকসভা (B) রাজ্যসভা (C) বিধানসভা (D) বিধান পরিষদ

11. ‘জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধান’ কোন তালিকার অন্তর্ভুক্ত?
(A) রাজ্য তালিকা (B) কেন্দ্র তালিকা (C) রাজ্য ও কেন্দ্র যৌথ তালিকা (D) কোনোটিই নয়

12. ‘লবি’ শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ফুটবল (B) ভলিবল (C) কবাডি (D) ক্রিকেট

13. ভারতের প্রথম AI শহর কোথায় তৈরি হয়?
(A) এলাহবাদ (B) অমৃতসর (C) চণ্ডীগড় (D) লখনৌ

14. ভারতীয় ক্রিকেটার রোহিত শর্মার জার্সি নম্বর কত?
(A) 12 (B) 18 (C) 19 (D) 45

15. ‘দ্য ওভাল’ ক্রিকেট স্টেডিয়াম কোথায় অবস্থিত?
(A) অস্ট্রেলিয়া (B) ইংল্যান্ড (C) নিউজিল্যান্ড (D) দক্ষিণ আফ্রিকা

16. ভারতের সংবিধানের কত নম্বর ধারায় আর্থিক জরুরি অবস্থার কথা উল্লেখ আছে?
(A) 352 নম্বর ধারা (B) 356 নম্বর ধারা (C) 360 নম্বর ধারা (D) 368 নম্বর ধারা

17. ব্লু-লাইন রয়েছে —
(A) ইজরায়েল-লেবানন (B) ইজরায়েল-সিরিয়া (C) লেবানন-প্যালেস্তাইন (D) ইজরায়েল-জর্ডন

18. ভারতের 200 টাকার নোটে কোন প্রতীক চিহ্ন দেখতে পাওয়া যায়?
(A) হাতি (B) লালকেল্লা (C) সাঁচি স্তূপ (D) ইলোরা গুহা

19. কোন দেশকে ‘ল্যান্ড অফ দ্য গোল্ডেন প্যাগোডা’ বলা হয়?
(A) শ্রীলঙ্কা (B) মায়ানমার (C) নেপাল (D) ভুটান

20. পার্লামেন্টে অধিবেশনের শেষে কোন গানটি গাওয়া হয়?
(A) জনগণমন (B) আমার সোনার বাংলা (C) সারে জাঁহা সে আচ্ছা (D) বন্দেমাতরম

21. 2, 3, 6, 7, 14, 15, ?
(A) 16 (B) 30 (C) 31 (D) 32

22. 2A11, 4D13, 12G17, ?
(A) 48J23 (B) 48K21 (C) 23L48u (D) 22M22

23. বেমানান শব্দটি চিহ্নিত করুন —
(A) টরিসেলি (B) আর্কিমিডিস (C) মেন্ডেল (D) বয়েল

24. শ্বেতবিপ্লব : দুধ : : নীলবিপ্লব : ?
(A) নীলচাষ (B) চিংড়ি (C) পরিশ্রুত জল (D) মাছ

25. 50 : 65 : : 101 : ?
(A) 12 (B) 117 (C) 122 (D) 145

26. ‘B’ হল ‘D’ এর মা ও ‘C’ হল ‘D’এর ভাই। ‘H’ হল ‘E’এর কন্যা, যার স্ত্রী হল ‘D’. তাহলে ‘E’ ও ‘C’ মধ্যে কী সম্পর্ক?
(A) শ্বশুর (B) শ্যালক (C) কাকা / জেঠু (D) ভাই / দাদা

27. ‘সব পাখি গান গায়’ — এখানে ভুল কোথায়?
(A) ব্যক্তিগত মতামত (B) অতিরঞ্জক (C) ভুল সর্বজনীন সাধারণীকরণ (D) শর্তযুক্ত

28. ‘মানুষ বাঁচার জন্য খাবার খায়’ এটি —
(A) সর্বজনীন সত্য (B) শর্তযুক্ত (C) রূপক (D) অনির্দিষ্ট

29. কলম A (দেশ) — কলম B (রাজধানী)

| কলম A (দেশ) | কলম B (রাজধানী) |
|---|---|
| a. ইরাক | 1. মস্কো |
| b. রাশিয়া | 2. ক্যানবেরা |
| c. অস্ট্রেলিয়া | 3. থিম্পু |
| d. ভুটান | 4. বাগদাদ |

(A) a-2, b-3, c-1, d-4 (B) a-1, b-3, c-2, d-4 (C) a-4, b-2, c-1, d-1 (D) a-4, b-1, c-2, d-3

30. রামের দিকে তাকিয়ে রমা বলল, ‘সে হল আমার কাকার মেয়ের ভাই’। রাম, রমার কে হয়?
(A) কাকা (B) খুড়তুতো ভাই (C) মামা (D) মামাতো ভাই

31. সর্বনিম্ন সংখ্যাটি নির্ণয় করুন, যাকে 16, 24, 36 ও 54 দিয়ে ভাগ করলে যথাক্রমে 12, 20, 32 ও 50 অবশিষ্ট থাকে?
(A) 432 (B) 444 (C) 428 (D) 452

32. একটি স্বাভাবিক সংখ্যা যখন 4, 5, 6 বা 7 দিয়ে বিভক্ত হয়, তখন প্রতিটি ক্ষেত্রে 1 অবশিষ্ট থাকে। এই ধরনের সংখ্যার মধ্যে সর্বনিম্ন সংখ্যা কোনটি?
(A) 211 (B) 61 (C) 841 (D) 421

33. মান নির্ণয় করুন —

$$\frac{3}{12} \text{ এর } \frac{\left(\frac{2}{5}+\frac{4}{15}\right)}{\left(\frac{3}{5}-\frac{2}{5}\right)}$$

(A) $\frac{2}{6}$ (B) $\frac{5}{6}$ (C) $\frac{6}{5}$ (D) $\frac{5}{7}$

34. A : B = 3 : 4, B : C = 6 : 5 হলে, A : C-এর মান কত?
(A) 5 : 7 (B) 10 : 11 (C) 8 : 9 (D) 9 : 10

35. একটি বিড়ালের 5 লাফ যেতে যে সময় লাগে, সেই সময়ে একটি কুকুর 4 লাফ যায়, কিন্তু কুকুরের 3 লাফ বিড়ালের 4 লাফের সমান। বিড়াল ও কুকুরের দ্রুতির অনুপাত কত?
(A) 15 : 11 (B) 15 : 16 (C) 16 : 15 (D) 11 : 15

36. একটি চৌবাচ্চার $\frac{4}{5}$ অংশ পূর্ণ হয় 1 মিনিটে, বাকি অংশ পূর্ণ হতে আরো কত সময় লাগবে?
(A) 10 সেকেন্ড (B) 12 সেকেন্ড (C) 15 সেকেন্ড (D) 20 সেকেন্ড

37. আজাহার 10 ঘন্টায় একটি যাত্রা শেষ করতে পারেন। তিনি 21 কিলোমিটার / ঘন্টা বেগে যাত্রার অর্ধেক ও 24 কিলোমিটার / ঘন্টা বেগে বাকি যাত্রা সম্পূর্ণ করলে, যাত্রাপথের দূরত্ব কত কিলোমিটার ছিল?
(A) 234 (B) 225 (C) 224 (D) 232

38. একটি ট্রেন একটি টেলিগ্রাফ পোস্ট ও 300 মিটার দৈর্ঘ্যের একটি সেতুকে যথাক্রমে 10 সেকেন্ড ও 20 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনের গতি নির্ণয় করুন?
(A) 89 কিলোমিটার / ঘন্টা (B) 69.5 কিলোমিটার / ঘন্টা (C) 108 কিলোমিটার / ঘন্টা (D) 75 কিলোমিটার / ঘন্টা

39. 4 জনের গড় ওজন 3 কেজি বাড়ে, যখন 53 কেজি ওজনের একজন ব্যক্তিকে নতুন একজনের মাধ্যমে প্রতিস্থাপিত করা হয়। নতুন ব্যক্তির ওজন কত?
(A) 68 (B) 62 (C) 67 (D) 65

40. Y-এর 56% 182 হলে, Y-এর মান কত?
(A) 330 (B) 364 (C) 350 (D) 325

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(C). 2(D). 3(C). 4(C). 5(C). 6(D). 7(A). 8(C). 9(C). 10(B). 11(A). 12(C). 13(D). 14(D). 15(B). 16(C). 17(A). 18(C). 19(B). 20(D).

21(B). 2 3 6 7 14 15 30
(2 →+4→ 6 →+8→ 14 →+16→ 30; 3 →+4→ 7 →+8→ 15)

22(A). $2 \xrightarrow{\times 2} 4 \xrightarrow{\times 3} 12 \xrightarrow{\times 4} 48$

$A \xrightarrow{+3} D \xrightarrow{+3} G \xrightarrow{+3} J$

$11 \xrightarrow{+2} 13 \xrightarrow{+4} 17 \xrightarrow{+6} 23$

23(C). মেন্ডেল হলেন জীববিদ্যা বিষয়ক বিজ্ঞানী, বাকি তিনজন হলেন পদার্থবিজ্ঞানী।

24(D). শ্বেতবিপ্লব দুধ উৎপাদনের সঙ্গে যুক্ত ও নীলবিপ্লব মাছ উৎপাদনের সঙ্গে যুক্ত।

25(C). $65 = (7^2 + 1) : (7 + 1)^2 + 1$

$\therefore 101 : ? = (10^2 + 1) : (10 + 1)^2 + 1 = 101 : 122$

26(B).
B
↓
($\overset{+}{E}$ + $\overset{-}{D}$) + C
H (E ও D-এর সন্তান)

27(C). 28(A). 29(D).

30(B). রমার কাকার মেয়ে অর্থাৎ রমার কাকাতো বোন। রমার কাকাতো বোনের ভাই অর্থাৎ রমার খুড়তুতো ভাই।

31(C). $16 - 12 = 4,\ 24 - 20 = 4$
$36 - 32 = 4,\ 54 - 50 = 4$

| | |
|---|---|
| 2 | 16, 24, 36, 54 |
| 2 | 8, 12, 18, 27 |
| 2 | 4, 6, 9, 27 |
| 3 | 2, 3, 9, 27 |
| 3 | 2, 1, 3, 9 |
| | 2, 1, 1, 3 |

∴ নির্ণেয় ল.সা.গু $= 2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 2 \times 3 = 432$ ∴ সংখ্যাটি হল $432 - 4 = 428$.

32(D). 4, 5, 6 ও 7-এর ল.সা.গু. = 420
∴ সর্বনিম্ন সংখ্যাটি হবে = 420 + 1 = 421

33(B). $\frac{3}{12}$ এর $\frac{\left(\frac{2}{5}+\frac{4}{15}\right)}{\left(\frac{3}{5}-\frac{2}{5}\right)}$

$= \frac{3}{12}$ এর $\frac{\frac{10}{15}}{\frac{1}{5}} = \frac{3}{12} \times \frac{10}{15} \times 5 = \frac{5}{6}$

34(D). $\frac{A}{B} \times \frac{B}{C} = \frac{3}{4} \times \frac{6}{5} = \frac{9}{10} = 9 : 10$

∴ A : C = 9 : 10.

35(B).

| বিড়াল | কুকুর |
|---|---|
| 5 | 4 |
| 4 | 3 |

∴ বিড়ালের বেগ : কুকুরের বেগ = (5 × 3) : (4 × 4) = 15 : 16

36(C). চৌবাচ্চাটি $\frac{4}{5}$ অংশ পূর্ণ হয় = 1 মিনিটে

∴ $\frac{1}{5}$ অংশ পূর্ণ হয়

$= \frac{1 \times 5}{4} \times \frac{1}{5}$ মিনিট $= \frac{1}{4} \times 60$ সেকেন্ড = 15 সেকেন্ড।

37(C). গড় গতিবেগ

$= \frac{2xy}{x+y} = \frac{2 \times 21 \times 24}{21+24}$ কিমি/ঘণ্টা $= \frac{112}{5}$ কিমি/ঘণ্টা।

∴ দূরত্ব = গড় গতিবেগ × সময় $= \frac{112}{5} \times 10$ কিমি = 224 কিমি।

38(C). মনে করি, ট্রেনটির দৈর্ঘ্য = x মিটার

$\frac{x}{10} = \frac{x+300}{20}$ বা, 2x = x + 300 বা, x = 300 ∴ x = 300

∴ ট্রেনটির গতিবেগ $= \frac{300}{10}$ মিটার/সেকেন্ড

= 30 মিটার/সেকেন্ড $= 30 \times \frac{18}{5}$ কিমি/ঘণ্টা = 108 কিমি/ঘণ্টা

39(D). নতুন ব্যক্তির ওজন
= (53 + 4 × 3) কেজি = (53 + 12) কেজি = 65 কেজি।

40(D). y এর 56% = 182

বা, $y \times \frac{56}{100} = 182$ বা, $y = \frac{182 \times 100}{56} = 325$ ∴ y = 325.

## স্কুলে ক্লার্ক, গ্রুপ ‘ডি’ পদে

১ পাতার পর

বড় পরীক্ষা হবে না। খুব শিগগিরই ওই দুই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে।

ক্লার্ক (গ্রুপ-সি) পদের বেলায় ৬০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

গ্রুপ-ডি পদের বেলায় ৪০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। বিস্তারিত সিলেবাস নিচে দেওয়া হল।

বিস্তারিত সিলেবাস দেওয়া হল : **ক্লার্ক পদের বেলায় (প্রশ্ন হবে মাধ্যমিক মানের) : (ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর :** (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) পশ্চিমবঙ্গের জাতীয় শিক্ষা নীতি, (৪) লিঙ্গ সচেতনতা (নিয়ম ও নির্দেশ), (৫) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৬) বেসিক কম্পিউটার নলেজ, (৭) পরিবেশ সচেতনতা, (৮) সাম্প্রতিক অর্থনৈতিক ঘটনা, (৯) খেলাধূলা, (১০) বিজ্ঞানের উদ্ভাবন ও আবিষ্কার।

**(খ) জেনারেল ইংলিশ - ১০ নম্বর :** (১) ব্যাকরণ (প্রিপোজিশন, একলিঙ্গ ও উভয়লিঙ্গ), (২) সমার্থক শব্দ ও বিপরীত শব্দ, (৩) ভোকাবুলারি, (৪) বানান সংশোধন, (৫) বাক্য গঠন।

**(গ) লজিক্যাল রিজনিং-১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) পাজল।

**(ঘ) অ্যারিথমেটিক - ২০ নম্বর :** (১) ল.সা.গু. ও গ.সা.গু, (২) সরলীকরণ, (৩) অনুপাত ও সমানুপাত, (৪) সময় ও কার্য, (৫) সময় ও দূরত্ব, (৬) গড়, (৭) শতকরা, (৮) লাভ ও ক্ষতি, (৯) ভগ্নাংশ, (১০) সরল সুদ।

**গ্রুপ-ডি পদের বেলায় (প্রশ্ন হবে ক্লাস এইট মানের) :**

**(ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর :** (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৪) খেলাধূলা (সাম্প্রতিক খেলাধূলা), (৫) বেসিক কম্পিউটার নলেজ।

**(খ) লজিক্যাল রিজনিং -১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) ব্লাড রিলেশন।

**(গ) অ্যারিথমেটিক - ১০ নম্বর :** (১) গড়, (২) শতকরা, (৩) ল.সা.গু. ও গ.সা.গু (সহজ মানের), (৪) অনুপাত ও সমানুপাত, (৫) সরল সুদ।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ—
✆ : 9830795430

# সেনাবাহিনীতে ৩৮১

১ পাতার পর

**সিভিল :** সিভিল, সিভিল এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট'এর ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য, আর্কিটেকচারের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেকচার' শাখার জন্য আর বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি কিংবা বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৭৫টি ও মেয়ে ৭টি।

**কম্পিউটার সায়েন্স :** কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক্স), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ন্যানো টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স', কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সাইবার সিকিউরিটি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট), আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স' ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা, জিও ইনফর্মেটিক্সের ডিগ্রি কোর্স পাশরা 'ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৬০টি ও মেয়ে ৪টি।

**ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৩৩টি ও মেয়ে ৩টি।

**ইলেক্ট্রনিক্স :** কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং,

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজি ইন ইলেক্ট্রিক রেডিও)-এর ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল টেকনিক্স ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ডিজাইন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স টেকনোলজি, রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন' শাখার জন্য, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা 'টেলিকমিউনিকেশন' শাখার জন্য, অপ্টো ইলেক্ট্রনিক্স, অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা 'অপ্টো ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং-এর কোর্স পাশরা 'মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ' শাখার জন্য যোগ্য। ফাইবার অপটিক্স ইঞ্জিনিয়ারিং-এর কোর্স পাশরা 'ফাইবার অপটিক্স' শাখার জন্য যোগ্য। স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এর কোর্স পাশরা 'স্যাটেলাইট কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৬৪টি ও মেয়ে ৬টি।

**মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্স মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাক্চারিং ইঞ্জিনিয়ারিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইনের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং-এর কোর্স পাশরা 'প্রোডাকশন' শাখার জন্য যোগ্য। অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অটোমোটিভ টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'অটোমোবাইল' শাখার জন্য যোগ্য।

ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাক্চারিং ইঞ্জিনিয়ারিং; ম্যানুফ্যাক্চারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাক্চারিং প্রসেস অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাক্চারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাক্চারিং টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল / ম্যানুফ্যাকচারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট' শাখার জন্য যোগ্য। ওয়ার্কশপ টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ওয়ার্কশপ টেকনোলজি' শাখার জন্য যোগ্য। এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর ডিগ্রি কোর্স পাশরা 'অ্যারোনটিক্যাল' শাখার জন্য যোগ্য। এরোস্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং-এর ডিগ্রি কোর্স পাশরা 'এরোস্পেস' শাখার জন্য যোগ্য। অ্যাভোনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যাভোনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ১০১টি ও মেয়ে ৯টি।

**মিসলেনিয়াস ইঞ্জিনিয়ারিং স্ট্রিম :** প্লাস্টিক টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'প্লাস্টিক টেক' শাখার জন্য, রিমোট সেন্সিং-এর ডিগ্রি কোর্স পাশরা 'রিমোট সেন্সিং' শাখার জন্য, ব্যালিস্টিকস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ব্যালিস্টিক্স' শাখার জন্য, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ফুড টেক' শাখার জন্য যোগ্য, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যাগ্রিকালচার' শাখার জন্য যোগ্য, মেটালার্জিকাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জিক্যাল' শাখার জন্য যোগ্য, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভ' শাখার জন্য যোগ্য, লেজার টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'লেজার টেক' শাখার জন্য যোগ্য, বায়ো টেকনোলজি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'বায়ো টেক.' শাখার জন্য যোগ্য, রাবার টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'রাবার টেকনোলজি' শাখার জন্য যোগ্য, কেমিক্যাল টেকনোলজি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মাইনিং' শাখার জন্য যোগ্য। নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'নিউক্লিয়ার টেকনোলজি' শাখার জন্য যোগ্য। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'টেক্সটাইল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ১৭টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় আগামী বছর ১ এপ্রিলের মধ্যে পাশ করে থাকতে হবে।

**বয়স :** বয়স হতে হবে ১-১০-২০২৬'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৯ থেকে ৩০-৯-২০০৬'এর মধ্যে। ছেলেদের চাকরি হবে 67তম SSC (Tech) কোর্সে ও মেয়েদের চাকরি হবে 67তম SSCW(Tech) কোর্সে।

**শরীরের মাপজোখ :** শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু অক্টোবরে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। প্রার্থী বাছাই পরীক্ষার সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ১১,৩১২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

১ পাতার পর

সার্ভিস (TCS)-এর চিফ হিউম্যান রিসোর্স অফিসার (CHRO) সুদীপ কুন্নুমাল-এর মতে, "যেকোনো কোম্পানি যদি ব্যবসা বাড়াতে চায়, তাহলে সবচেয়ে বেশি গুরুত্ব দেয় **কম্পিটিটিভ স্ট্রং ওয়ার্কফোর্স** তৈরি করার ওপর। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কর্মসংস্থান-এর দিক থেকে দেশের সবচেয়ে বড় সংস্থা হল টাটা গ্রুপ। আর এই বহুজাতিক কনগ্লোমারেট-এর সবচেয়ে লাভজনক শাখা সংস্থা হল টাটা কনসালটেন্সি সার্ভিস (TCS).কারণ, শুধুমাত্র এখানেই কাজ করেন ৫,৯৩,৩১৪ (মার্চ, ২০২৫ পর্যন্ত নেওয়া তথ্য অনুযায়ী) জন কর্মী। এই বিশাল সংখ্যক কর্মীর ঠিকঠাক দেখভাল ও পরিচালনা করার মধ্যেই লুকিয়ে আছে TCS-এর সুখ্যাতি ও সফলতা। আধুনিক যুগে যে কোম্পানি, যত ভালোভাবে কর্মী পরিচালনা বৈজ্ঞানিক পদ্ধতিতে করে থাকে, সেই কোম্পানির হোলিস্টিক ও স্ট্র্যাটেজিক গ্রোথ সবচেয়ে বেশি হয়। তাই আজ সারা পৃথিবীর মধ্যে TCS-এর ওয়ার্ক ফোর্সের কোনো তুলনা নেই। আর এই পুরো ওয়ার্কফোর্স ঠিকঠাক মতো পরিচালনা করার দায়িত্বে রয়েছেন ৫,০২২ জন হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টের ডেডিকেটেড কর্মী। তাই প্রত্যেক বছর এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক ছেলেমেয়ে নিযুক্ত হয়।" এই উদাহরণ থেকে এটা সহজেই অনুমেয়, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় HR বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, একজন সাধারণ মানের গ্র্যাজুয়েট ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে HR ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় 'Talent Acquisition (HR)' পদে। উল্লেখ্য, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ১০,০০০ থেকে ১৫,০০০ 'Talent Acquisition (HR)' নিয়োগ হয়। এদের মূল কাজ হয় ইন্টারভিউয়ের মাধ্যমে কোম্পানির জন্য সেরা ছেলেমেয়েদের রিক্রুট করা, কোম্পানির কর্মীদের পারফরম্যান্স রিভিউ করা, অ্যাটেনডেন্স ঠিকঠাক মতো হচ্ছে কিনা সেই বিষয়ে নজর রাখা, কর্মীদের পারস্পরিক বোঝাপড়া সুদৃঢ় করা, যোগ্যতা অনুযায়ী ঠিকঠাক সময় কর্মীদের পদোন্নতি, স্যালারি ও কমপেনসেশন ম্যানেজমেন্ট (ESI, PF, Gratuity ইত্যাদি) অত্যন্ত গুরুত্বপূর্ণ প্যারামিটারের ব্যাপারে সম্পূর্ণরূপে খেয়াল রাখা। অর্থাৎ এককথায় বলতে গেলে কর্মীদের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ম্যানেজমেন্টের যোগসূত্র স্থাপন করাই একজন হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের কাজ। তাই প্রতিটি কোম্পানিতে এই পদের গুরুত্ব অপরিসীম। তাই সারা বছর ধরে সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান হয় এই পদে। আর এই বিপুল সংখ্যক পদে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৩ থেকে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। foundit.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে HR ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৩ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' এই বিভাগে সবচেয়ে বেশি লোক নেওয়া হয় **Talent Acquisition (HR)** পদে। যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে HR Executive হিসাবে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই HR বিভাগে স্কিলড লোকজন দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক নিয়োগ হয়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন HR ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই HR বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও নিয়োগ হতে পারে। (৫) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **Interview Conduction Process, Workforce Management Technique, Employee Performance Management, Attendance Management, Employee Relations, Selection & Recruitment Management, Performance & Compensation Management**-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity ও Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব স্ট্যাচুটরি ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৭) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৮) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (৯) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১০) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১১) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৩ থেকে ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ২০ থেকে ৩০টি কোম্পানিতে ৫৫০ থেকে ১,০০০ জনের চাকরি হয়।**

**১৬ ও ১৭ জানুয়ারি মেদিনীপুরের কাঁথি শহরে 'দ্য পি.কে প্যালেস'এ অনুষ্ঠিত কর্মসংস্থানের কেরিয়ার ফেয়ারে ডিসান অ্যাকাডেমির স্টলে যাঁরা সরাসরি অ্যাডমিশন নেবেন, তাঁদের জন্য সব কোর্সের ওপর অ্যাডমিশন ফীতে ৫০% স্পেশাল ছাড় দেওয়া হবে। এই ছাড় শুধুমাত্র ফেয়ারে আসা ছেলেমেয়েদের জন্যই দেওয়া হবে। ফোন : 9429691888**

## বায়ুসেনায় অগ্নিবীর

১ পাতার পর

থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকতে হবে।

ইংরিজি ও অঙ্ক বিষয় নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

সায়েন্স ছাড়া অন্য শাখার প্রার্থীদের জন্য : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০%নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

ইংরিজি বিষয় নিয়ে ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৬ থেকে ১-৭-২০০৯'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২.৫ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। মেয়েদের বেলায় শুধুমাত্র বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/১২ যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য থাকা দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে, ৩০ ও ৩১ মার্চ। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সায়েন্স ব্যাকগ্রাউন্ড প্রার্থীদের বেলায় ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক। নন-সায়েন্স প্রার্থীদের বেলায় ৪৫ মিনিটের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। যাঁরা দু'টি ক্ষেত্রেই পরীক্ষা দেবেন তাঁদের বেলায় ৮৫ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস।

প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড় আর মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়তে হবে। এছাড়াও ছেলেদের বেলায় ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস আর মেয়েদের বেলায় ১০ বার সিট আপ ও ১৫ বার স্কোয়াটস।

ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-। ও অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-।। হবে। তারপর গ্রুপ বা, ট্রেড টেস্ট আর মেডিক্যাল টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই। ফেজ-।'এর অ্যাডমিট কার্ড পরীক্ষার ৪৮-৭২ ঘন্টা আগে ই-মেল আই.ডি.'তে পাঠানো হবে। সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এয়ারমেন সিলেকশন সেন্টারে ১ ডিসেম্বর। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://www.iafrecruitment.edcil.co.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচে বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং-এ জমা দেবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 011-25694209 /25699606.

## স্টাফ সিলেকশনের MTS

১ পাতার পর

অন্যদিকে, ২০২৬ সালের ৭ বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের রাইফেলম্যান (জেনারেল ডিউটি) পদের কম্পিউটার বেসড টেস্ট শুরু হবে ২৩ ফেব্রুয়ারি থেকে। চলবে প্রায় এপ্রিল মাস পর্যন্ত। শূন্যপদ আছে ২৫,৪৮৭টি।

মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় কম্পিউটার বেসড পরীক্ষায় ২৭০ নম্বরের ৯০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় থাকবে দু'টি সেশন। প্রথম সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি অ্যান্ড প্রবলেম সলভিং - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট।

দ্বিতীয় সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম সেশনে নেগেটিভ মার্কিং নেই। কিন্তু দ্বিতীয় সেশনের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি-সহ ১৩টি আঞ্চলিক ভাষায়। কম্পিউটার বেসড পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫% আর অন্যান্য ক্যাটেগরি হলে ২০%নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

৭ বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি) পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৪০ নম্বরের ২০টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। এবার এই পরীক্ষায় প্রশ্ন হবে বাংলা ভাষা -সহ সারা রাজ্যের ১৩টি আঞ্চলিক ভাষায়। প্রশ্ন হবে মাধ্যমিক মানের।

অন্যদিকে, স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (টায়ার-।।)'এর পরীক্ষা হবে ১৮ ও ১৯ জানুয়ারি। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ২-৩ দিন আগে, ওপরের ওই ওয়েবসাইট থেকে।

## প্রাথমিক শিক্ষা পর্ষদ

১ পাতার পর

জন্য তালিকা প্রকাশ করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। ২০২২ সালে ১১,৭৬৫টি শূন্যপদের জন্য 'টেট' পাশ প্রার্থীদের থেকে দরখাস্ত নেওয়া হয়েছিল। সেই সময় ডি.এল.এড. পাশ প্রার্থীদের সঙ্গে ২০২০-'২২ শিক্ষাবর্ষের ডি.এল.এড. অ্যাপিয়ার্ড প্রার্থীদেরও দরখাস্ত নেওয়া হয়েছিল। কিন্তু সব প্রার্থীদের ইন্টারভিউ হয়ে যাওয়ার পরও চূড়ান্ত যে তালিকা প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রকাশ করেছিল, তাতে 'ডি.এল.এড.-অ্যাপিয়ার্ড' প্রার্থীদের সুযোগ দেওয়া হয়নি। সেই সময় ডি.এল.এড. অ্যাপিয়ার্ড প্রার্থীরা হাই কোর্টে মামলা করেন। আদালতের রায় ছিল, ডি.এল.এড. কোর্স শেষ না হলেও ওইসব প্রার্থীদের চাকরি দিতে হবে। এরপর এইসব প্রার্থীদের ইন্টারভিউ নেওয়ার পর দেখা যায়, তাঁদের প্রাপ্ত নম্বর চাকরি পেয়ে যাওয়া প্রার্থীদের থেকে বেশি। পরে এমন পরিস্থিতি দাঁড়ায়, এইসব প্রার্থীদের চাকরি দিলে, আগের চাকরি পাওয়া অনেক প্রার্থীরই চাকরি চলে যাবে। বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে মামলা হয়।

এরপর ঠিক হয়, বাড়তি শূন্যপদে ১,৯৮২ জন প্রার্থীকে চাকরি দেওয়া হবে। যাঁরা এরমধ্যেই চাকরি পেয়েছিলেন, তাঁদের কারো চাকরি যাবে না। ৯ জানুয়ারি এই মামলার পরবর্তী শুনানি হবে।

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি, গৌতম পাল জানান, যাঁরা চাকরি পেয়ে গিয়েছিলেন, তাঁদের অনেকেরই চাকরি চলে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়েছিল। তাই সবার যাতে চাকরি থাকে, তার ব্যবস্থা করা হয়েছে।

অন্যদিকে, প্রাইমারি টিচার পদে ১৩,৪২১টি শূন্যপদের জন্য যে নিয়োগপ্রক্রিয়া চলছে, তাতে প্রতিযোগিতা কিছুটা কমবে বলে মনে করা হচ্ছে। এক দরখাস্তকারীর দাবি, ১৩,৪২১টি শূন্যপদের জন্য যে ৬০ হাজার দরখাস্ত জমা পড়েছে, তার মধ্যে ১,৯৮২ জন প্রার্থীও দরখাস্ত করেছিলেন। তাই এই ১,৯৮২ জনের চাকরি নিশ্চিত হওয়ায় বাকি প্রার্থীদের প্রতিযোগিতা অনেকটাই কমবে বলে মনে করা হচ্ছে।

## বেঙডুবি আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা

নিজস্ব প্রতিনিধি, আলিপুরদুয়ার : আর্মি পাব্লিক স্কুল, বেঙডুবি 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট গ্র্যাজুয়েট টিচার' ও 'প্রাইমারি টিচার' পদে কিছু লোক নিচ্ছে। ৪ বছরের চুক্তিতে নেওয়া হবে। পি.জি.টি নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, ভূগোল, অ্যাকাউন্ট্যান্সি, ইংরিজি। টি.জি.টি নেওয়া হবে এইসব বিষয়ে : সায়েন্স, সোশ্যাল সায়েন্স, অঙ্ক, হিন্দি, সংস্কৃত, ফিজিক্যাল এডুকেশন ও ইংরিজি। AWES-এর নেওয়া ২০ ও ২১ সেপ্টেম্বরের স্ক্রিনিং টেস্টে সফল হয়ে থাকতে হবে। সি.এস.বি. কার্ড হোল্ডারাও যোগ্য। বয়স হতে হবে টিচিং পদের বেলায় ৫৫ বছরের মধ্যে আর নন-টিচিং পদের বেলায় ৪০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ফেব্রুয়ারিতে।

দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.awesindia.com পূরণ-করা দরখাস্তের সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত কপি আর ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট। 'Army Public School, Bengdubi'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Bengdubi'. দরখাস্ত করার শেষ তারিখ ২৭ জানুয়ারি।

## পানাগড় আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা

নিজস্ব প্রতিনিধি, পূর্ব বর্ধমান : আর্মি পাব্লিক স্কুল, পানাগড় 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট গ্র্যাজুয়েট টিচার' ও 'প্রাইমারি টিচার' পদে কিছু লোক নিচ্ছে। ৪ বছরের চুক্তিতে নেওয়া হবে। পি.জি.টি নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্যাল এডুকেশন, অঙ্ক ও কেমিস্ট্রি। টি.জি.টি নেওয়া হবে এইসব বিষয়ে : সোশ্যাল সায়েন্স, সায়েন্স, অঙ্ক। AWES-এর নেওয়া ২০ ও ২১ সেপ্টেম্বরের স্ক্রিনিং টেস্টে সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে টিচিং পদের বেলায় ৫৫ বছরের মধ্যে আর নন-টিচিং পদের বেলায় ৪০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ফেব্রুয়ারিতে।

দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.awesindia.com পূরণ-করা দরখাস্তের সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত কপি আর ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট। 'Army Public School Panagarh'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Panagarh'. দরখাস্ত করার শেষ তারিখ ২৩ জানুয়ারি।

# সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। কোন রোগের কারণে গরু-ছাগলের বন্ধ্যাত্ব হয় — বাঙ্গস রোগ।

২। পূর্ণতাপ্রাপ্ত ফাইলেরিয়া কীট মানবদেহের কোন অংশে থাকে — লসিকানালী।

৩। ভাইরাসঘটিত কোন রোগটি মানবদেহের অনাক্রম্যতা নষ্ট করে দেয় — এইডস।

৪। সিনেমা প্রজেক্টরে কোন ধরনের লেন্স ব্যবহৃত হয় — অবতল।

৫। কস্টিক সোডার সঙ্গে কোন তেল মিশিয়ে উত্তপ্ত করলে সাবান তৈরি হয় — তিসির তেল।

৬। সূর্যের ক্রোমোস্ফিয়ারে প্রথম কোন রাসায়নিক উপাদান আবিষ্কৃত হয় — হিলিয়াম (ফর্মুলা - He, পারমাণবিক সংখ্যা - 2)।

৭। কোন যন্ত্রের সাহায্যে অল্টারনেটিং কারেন্টকে ডিরেক্ট কারেন্টে রূপান্তরিত করা যায় — রেক্টিফায়ার।

৮। কোন অ্যাসিড জলে দ্রবীভূত হলে একটি দ্রবণ তৈরি করে, যা সাধারণত 'ভিনিগার' নামে পরিচিত — অ্যাসিটিক অ্যাসিড (ফর্মুলা CH3COOH)।

### ইতিহাস

৯। কোন সালে কলকাতা, ব্রিটিশ ভারতের রাজধানী হয়েছিল — ১৭৭২ (১৭৭২ থেকে ১৯১১ সাল পর্যন্ত কলকাতা, ব্রিটিশ ভারতের রাজধানী ছিল)।

১০। ১৮৮২ সালে ভারতে পৌর প্রতিষ্ঠান স্থাপন করার জন্য পরিচিত ছিলেন — লর্ড রিপন।

১১। ভারতে সাম্যবাদের পথিকৃৎ ছিলেন — মানবেন্দ্রনাথ রায়।

১২। কার শাসনকাল মথুরা শিল্পকলার জন্য স্বর্ণযুগ হিসাবে পরিচিত ছিল — কুষাণ।

১৩। কোন গিরিপথ ব্যবহার করে শকরা ভারতে এসেছিল — বোলান গিরিপথ।

১৪। 'মহাভাষ্য' কার লেখা — পতঞ্জলি।

১৫। কোন মোগল শাসকের রাজত্বকালে ধ্রুপদী সঙ্গীতের ওপর সবথেকে বেশি বই লেখা হয়েছিল — ঔরঙ্গজেব।

১৬। মহাত্মা গান্ধী ভারতে তাঁর প্রথম সত্যাগ্রহ কোন স্থান থেকে শুরু করেছিলেন — বিহারের চম্পারণ (১৯১৭ সালে)।

### ভূগোল

১৭। কোন মৌসুমী বায়ু ভারতের বেশিরভাগ বৃষ্টিপাতের জন্য দায়ী — দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত প্রবাহিত হয়)।

১৮। বঙ্গোপসাগর ও ভারত মহাসাগর কোন স্থানে মিলিত হয়েছে — কন্যাকুমারী (এই স্থানটি 'কেপ কমোরিন' নামে পরিচিত)।

১৯। ভারতের বৃহত্তম প্রাকৃতিক বন্দর কোনটি — মুম্বই বন্দর (পশ্চিম মুম্বইয়ের মূল ভূখণ্ডে অবস্থিত এই বন্দরটি ভারতের বৈদেশিক বাণিজ্যের প্রায় এক-পঞ্চমাংশ পরিচালনা করে)।

২০। আন্ধ্রা প্রদেশের তুম্মালাপল্লি কোন ধরনের খনিজ ভাণ্ডারের জন্য বিশ্বে বিখ্যাত — ইউরেনিয়াম।

২১। 'ড.শ্যামাপ্রসাদ মুখার্জি টানেল'টি কোন শৈলশহরের তুষারপাত ও হিমধস এড়ানোর জন্য তৈরি করা হয়েছিল — পাটনিটপ (জম্মু ও কাশ্মীরে অবস্থিত)।

২২। ভারতের বৃহত্তম অভ্র উৎপাদনকারী রাজ্য কোনটি — আন্ধ্রা প্রদেশ (ভারতে মোট অভ্র উৎপাদনের প্রায় ৭১% এই রাজ্য থেকে আসে)।

২৩। ছত্তিশগড়ের বিশ্রামপুর কোন খনির জন্য বিখ্যাত — কয়লা।

২৪। কোন গিরিপথটি তাওয়াংকে লাসার সঙ্গে সংযুক্ত করে — বাম লা পাস (অরুণাচল প্রদেশে অবস্থিত)।

### সাম্প্রতিক ঘটনা

২৫। 'অ্যাগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি'র সহায়তায়, এই প্রথম কাতারের দোহায় গোলাপ-সুগন্ধযুক্ত লিচুর প্রথম চালান রফতানি করল কোন দেশ — ভারত (পঞ্জাবের পাঠানকোট থেকে ১.৫ টন গোলাপ-সুগন্ধযুক্ত লিচুর প্রথম চালানটি দোহায় পাঠানো হয়)।

২৬। কানাডিয়ান ইনভেস্টমেন্ট জায়ান্ট 'ফেয়ারফ্যাক্স ফিনান্সিয়াল হোল্ডিংস লিমিটেড'এর সিনিয়র অ্যাডভাইজর হিসাবে নিযুক্ত হলেন কে — অমিতাভ কান্ত।

২৭। বাংলাদেশ থেকে স্থলবন্দর দিয়ে বেশ কিছু পাটজাত পণ্য আর বোনা কাপড় আমদানিতে নিষেধাজ্ঞা জারি করল কোন দেশ — ভারত (এসব পণ্য এখন থেকে শুধুমাত্র মহারাষ্ট্রের নবসেবা সমুদ্রবন্দর দিয়ে ভারতে ঢুকতে পারবে)।

২৮। কোন কেন্দ্রীয় মন্ত্রক ২০২৫ সালে 'ওয়েভেক্স স্টার্টআপ চ্যালেঞ্জ' চালু করেছে — কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক।

২৯। 'মিলিটারি ইনস্টিটিউট অফ টেকনোলজি'র কমান্ড্যান্ট হিসাবে দায়িত্ব নিলেন কে — রিয়ার অ্যাডমিরাল ভি.গণপতি।

সঙ্কলক : পলি দেওয়ান

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

## ৩,৯৭৭ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এক্স-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে ফ্যাক্টরিভিত্তিক, ক্যাটেগরিভিত্তিক তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ফেব্রুয়ারি থেকে। এই ওয়েবসাইটে : https://recruit-gov.com কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা ওয়েবসাইটে পাবেন। এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে। কোন ট্রেডে ক'টি শূন্যপদ ও দরখাস্ত করার পদ্ধতি ইত্যাদি ওয়েবসাইটে পাবেন।

## বিমানবাহিনীতে এয়ারম্যান

১ পাতার পর

থাকলে আর সেইসঙ্গে রাজ্য ফার্মাসি কাউন্সিল বা, ভারতীয় ফার্মাসি কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ফার্মাসির বি.এসসি. কোর্স পাশ কিংবা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। অবিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৩ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। বিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৩ থেকে ১-১-২০০৬'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/৩৬, যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা থাকতে হবে CP-II.

৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে মূল মাইনে ২৬,৯০০ টাকা পাবেন। এই পদ থেকে মাস্টার ওয়ারেন্ট অফিসার পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

**প্রার্থী বাছাই পরীক্ষা :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, অ্যাডাপটাবিলিটি টেস্ট-।।, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে।

অনলাইন টেস্ট হবে ৩০ ও ৩১ মার্চ। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ৪৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের অ্যাডাপটাবিলিটি টেস্ট-।। দিতে হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়তে হবে। এছাড়াও ২০ বার ওঠবোস, ১০ বার সিট আপ ও ১০ বার পুশআপ দিতে হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে ইন্টারভিউ / ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই। সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ব্যারাকপুরের ৪নং এয়ারমেন সিলেকশন সেন্টারে। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.airmenselection.cdac.in পরীক্ষার দিন জুতো, প্যান্ট ইত্যাদি সরঞ্জাম নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iafrecruitment.edcil.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন ১০ থেকে ৫০ কে.বি'র মধ্যে। এবার পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে দিতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। আরো বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ০১১-২৫৬৯৪২০৯, ২৫৬৯৯৬০৬.






Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com